

କଞ୍ଚାୟନ ବ୍ୟାକରଣ

ବା

(କାତ୍ୟାୟନ ବ୍ୟାକରଣ)



ଶ୍ରୀବଂଶଦୀପ ମହାସ୍ତବିର

ସମ୍ପାଦିତ ଓ ଅନୁଦିତ

ଶ୍ରୀପ୍ରିୟଦର୍ଶୀ ଭିକ୍ଷୁ

ଓ

ଶ୍ରୀଶିଳବଂଶ ଭିକ୍ଷୁ

ପ୍ରକାଶିତ

ବୈଶାଖୀ ପୂର୍ଣ୍ଣିମା ୨୫୮୭ ବୁଦ୍ଧାବ୍ଦ
୧୯୧୦ ଖ୍ରୀଷ୍ଟାବ୍ଦ

ମୂଲ୍ୟ ଦେଢ଼ ଟାକା

প্রকাশক

শ্রীপ্রিয়দর্শী ভিক্ষু
সম্ভাষণালয়, নাইথাইন,
গৈড়লা, চট্টগ্রাম।

শ্রীশীলবংশ ভিক্ষু
বেতবাড়ী শ্যামগাঁও, খড়িকটিয়া
শিবসাগর, আসাম।

প্রাপ্তিস্থান

শ্রীবুদ্ধিনাথ শ্যাম (গঠৈ)
বেতবাড়ী শ্যামগাঁও, খড়িকটিয়া
শিবসাগর, আসাম।

এইচ, এম, প্রেস
প্রিন্টার—শ্রীচন্দ্রমাহব বিশ্বাস
১০নং মদন গোপাল লেন, কলিকাতা।

নিবেদন

অতি প্রাচীন কাল হইতেই শব্দশাস্ত্র-বিশারদ মহাজ্ঞানী মহাথের কচ্চায়না-চার্যের স্বনামপ্রসিদ্ধ 'কচ্চায়ন ব্যাকরণ'র উজ্জ্বল গৌরব ও বিশ্বময়ীকীর্তি এখনও অক্ষুণ্ণ রহিয়াছে। সিংহল, বর্মা, শ্যাম প্রভৃতি বৌদ্ধপ্রধান দেশে বিহার, পরিবেণাদি ছোট বড় প্রায় সমস্ত শিক্ষা-নিকেতনেই আচার্যগণ তাঁহাদের শিষ্যবৃন্দকে 'কচ্চায়ন ব্যাকরণ' অধ্যাপনে এখনও অতিশয় গৌরব মনে করেন, পক্ষান্তরে শিগ্গোরাও উহা অধ্যাপনে অত্যন্ত গৌরবান্বিত হন। পালি ব্যাকরণ সম্বন্ধীয় নানাবিধি-বিধানপরিপূর্ণ, সরল ও সুললিত সূত্র-বৃত্তি-উদাহরণাদি বিমণ্ডিত "কচ্চায়ন ব্যাকরণটি" অনন্তজ্ঞানী সৰ্ব্বজ্ঞ বুদ্ধ ভাষিত ও তদনুযায়ী সঙ্গীতিত্বে সংগৃহীত পিটকত্রয়ানন্তজ্ঞান-রত্নাকর সুপরিষ্কৃত মাগধী ভাষাৰ্ণব উত্তারণে উত্তরণাথিগণের পক্ষে সুনির্মিত মহাতরঙ্গী সদৃশ বলিয়া সুধীসমাজে চিরকালই প্রসংশিত। 'কচ্চায়নস্ম ইদং কচ্চায়নং (ব্যাকরণং)'। এই কচ্চায়নের সংগ্রহরূপে এবং ইহার অনুকরণে নানাদেশে নানা ভাষায় এবং নানা অক্ষরে বহুবিধ ব্যাকরণ বিরচিত হইয়া মাগধী ভাষা অধ্যয়নের পথ সুগম করিয়া দিয়াছে। এইরূপ প্রাচীন মূল 'পালি-ব্যাকরণ' পূর্বে আর ও ছিল এবং এখনও কয়েকটি বিদ্যমান দেখা যায়। তন্মধ্যে 'কচ্চায়ন'ই আদি এবং নানা-গুণে সৰ্ব্বশ্রেষ্ঠ বলিয়া বহু সুধী জনের অভিমত।

বঙ্গজননীৰ সুসন্তান বিশ্ববরেণ্য অসীম প্রতিভাশালী স্বর্গীয় শ্রু আশুতোষ মুখার্জীর জীবদ্দশায় তাঁহারই রূপাণ্ডে এই ভারতেরই অগ্রতম প্রাচীন মাগধী বা পালিভাষা যখন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠা লাভ করিল, তৎকালেই মহামহোপাধ্যায় পালিভাষাবিদ আচার্য সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয়ই সৰ্ব-প্রথম কচ্চায়ন ব্যাকরণের সরল ইংরাজী অনুবাদ প্রকাশ করিয়াছিলেন। ইহার মূল গ্রন্থকার শিক্ষার্থীদের সংশয় দূরীকরণার্থে প্রায় প্রত্যেক সূত্রের অবসানে যেই সব প্রয়োজনীয় বিষয় সংযোগ করিয়া দিয়াছিলেন, বিদ্যাভূষণ মহাশয় সেই বিষয়গুলি বাদ দিয়া গিয়াছেন। তথাপি তাঁহার সরল ইংরাজী অনুবাদটি আজ বহুদিন হইতে ইংরাজী বিদ্যায়তন (কলেজ) সমূহের ছাত্রগণের প্রভূত উপকার সাধন করিতেছে। কিন্তু বঙ্গীয় পালি শিক্ষার্থীদের মধ্যে যাহারা ইংরাজী ভাষা জানেন না বা তাহাতে অনভিজ্ঞ, তাঁহাদের চিরদিনের অভাবটি

রহিয়াই গেল। এমতাবস্থায় ১৯৩৭ খৃষ্টাব্দে কলিকাতা নালন্দা-বিদ্যাভবনের শিক্ষক ও ছাত্রমণ্ডলীর সান্নিধ্য অনুরোধে অনভিজ্ঞ ভিক্ষু আমি এইরূপ ছরুহ কার্য সম্পাদনে হস্তক্ষেপ করিয়াছিলাম। তথাপি শিক্ষার্থীদের এত বড় অভাব পূরণে কেবল মাত্র দুঃসাহসের উপরই নির্ভর করিয়া ‘কচ্চায়ন ব্যাকরণে’র বঙ্গানুবাদ কাণ্ডে প্রবৃত্ত হই। তখন বাহ্যিক নানা কাজের ঝঞ্জাট ও অনেক বাধা-বিঘ্নের ভিতর দিয়াও প্রায় তিন মাসের মধ্যেই ইহার অনুবাদ কাণ্ড এক রকম সম্পন্ন হইল বটে, কিন্তু নানা জটিল কারণে বহুদিন ইহা অমুদ্রিত অবস্থায় পড়িয়াই রহিল। যে কোন শুভকাজ শুভমুহূর্ত না হইলে সুসম্পন্ন হয়না—ইহা নিশ্চয়ই। যাহা হউক, এই গ্রন্থের মূল পালি অংশটা সিংহলী সংস্করণ ‘কচ্চায়ণ বৃত্তি’, নামক ব্যাকরণ হইতেই উদ্ধৃত হইয়াছে। আমি ইহার অনুবাদ কাণ্ডে সিংহলী সংস্করণ ‘কচ্চায়ণ বঙ্গনা’ নামক প্রসিদ্ধ টীকা হইতে বিশেষরূপে সাহায্য নিয়াছি।

সর্বজনমান্য পণ্ডিতশিরোমণি মহামহোপাধ্যায় অধ্যাপক শ্রীযুত বিধুশেখর শাস্ত্রী মহোদয় এই গ্রন্থের মূল্যবান ভূমিকা লিখিয়া আমার মহোপকার করিয়াছেন। মহাপুরুষ কচ্চায়নাচাৰ্য্য আবির্ভূত হইয়াছিলেন বহু শতাব্দী পূর্বেই। তিনি ছিলেন আমাদের ভারত মাতারই সুসন্তান। সুপ্রসিদ্ধ ‘কচ্চায়ন ব্যাকরণ’টি তাঁহারই অমর কীর্তি। মহাজ্ঞানী শাস্ত্রী মহোদয়ও এই ভারত জননীৰ একজন কৃতী সন্তান। তাঁহার জ্ঞানময়ী লেখনী প্রসূত ভূমিকাটি এই গ্রন্থের গৌরব বর্দ্ধন করিয়াছে। এজন্য আমি তাঁহাকে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

পণ্ডিত শ্রীমৎ প্রজ্ঞানন্দ মহাস্ববির, পণ্ডিত শ্রীমৎ আয্যবংশ স্ববির, পণ্ডিত শ্রীমৎ জিনানন্দ ভিক্ষু, পণ্ডিত শ্রীযুত শীলানন্দ ব্রহ্মচারী, বি-এ। তাঁহারা সকলেই কলিকাতা নালন্দা-বিদ্যাভবনের অধ্যাপক। গ্রন্থের পাণ্ডুলিপি সংশোধনে তাঁহারা আমার বিশেষ সহায়তা করিয়াছেন। এজন্য আমি তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞতা পাশে আবদ্ধ। মদীয় স্ত্রীভাষিক কলিকাতা বৌদ্ধ ধর্ম্মাঙ্কুর বিহারের অধ্যক্ষ ও সভাপতি এবং নালন্দা-বিদ্যাভবনের অধ্যাপক শ্রীমান্ প্রিয়দর্শী ভিক্ষু, উক্ত বিদ্যা ভবনের অধ্যাপক পণ্ডিত শ্রীমান্ প্রিয়ানন্দ ভিক্ষু এবং সেই বিদ্যাভবনের উচ্চ শ্রেণীর ছাত্র শ্রীমান্ শীলবংশ ভিক্ষু, এই গ্রন্থের প্রক্ সংশোধনাদি কাণ্ডে যথেষ্ট শ্রম স্বীকার করিয়া আমাকে কৃতার্থ করিয়াছে। আমি তাহাদের ‘পরম সুখ’ কামনা করি।

পণ্ডিত শ্রীমৎ প্রজ্ঞানন্দ মহাস্ববির, পণ্ডিত শ্রীমান্ প্রিয়ানন্দ ভিক্ষু,

‘অগ্গমহাপণ্ডিত’ স্বর্গীয় ধর্মবংশ মহাস্থবিরের শিষ্য শ্রীমান্ দীপকর শ্রীজ্ঞান, বি-এ, নীরব সাধক মদীয় অশ্বাসী শ্রীমান্ আনন্দ মিত্র ভিক্ষু, নীরব সাধক ও বিনয়াচার্য্য শ্রীমৎ জ্ঞানীশ্বর মহাস্থবিরের স্বেচ্ছা শিষ্য শ্রীমান্ শীলভদ্র ভিক্ষু, তাহারা অত্যধিক শ্রম স্বীকার করিয়া সিংহলী সংস্করণ “কচ্চায়নবৃত্তি” নামক ব্যাকরণ হইতে মূল পালির পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া দিয়াছে। এই মহান্ কাষ্য সাধনে তাহাদের অদম্য উৎসাহ ও সহায়তাষ্ট আমাকে বিশেষরূপে অনুবল দিয়াছে। এজন্য তাহাদের জীবনের সাফল্য ও ‘শান্তিপদ’ কামনা করি।

এই কাষ্য সম্পাদন কালে বিনয় ভক্ত শ্রীমৎ অগ্রালঙ্কার মহাস্থবির, পণ্ডিত শ্রীমৎ ধর্মাদার স্থবির, পণ্ডিত শ্রীমৎ দীরানন্দ স্থবিরের শিষ্য ও মদীয় ধর্মাস্থবাসী শ্রীমান্ শীলালঙ্কার ভিক্ষু, আরো অনেক সর্দক্ষিতৈষী শ্রামণের, ভিক্ষু, স্থবির, মহাস্থবির হইতে বহুতর উৎসাহ ও সহায়তা পাইয়াছি।

মদীয় বালাস্বয়ং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর শ্রীযুত বেণীমাধব বড়ুয়া, এম্-এ., ডি-লিট (লণ্ডন), উক্ত বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক শ্রীযুত দ্বিজেন্দ্রলাল বড়ুয়া, এম্-এ., অধ্যাপক শ্রীযুত নীরদরঞ্জন মুংসুদ্দি, এম্-এ., অধ্যাপক শ্রীযুত সুরেন্দ্রনাথ বড়ুয়া, এম্-এ., পরিব্রাজক শ্রীযুত অন্নদানন্দ স্বামী, প্রমুখ সহস্রয় ব্যক্তিগণের নিকট আমি প্রভূত উৎসাহ ও সহায়তা পাইয়াছি। তাঁহাদের প্রত্যেককে আমার আন্তরিক ধন্যবাদ ও রুতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

আমাব অন্তগত ধর্মাস্থবাসী শ্রদ্ধাশীল শ্রীমান্ শীলবংশ ভিক্ষু এই গ্রন্থ মুদ্রণের ব্যয়ভার গ্রহণ করিয়াছে। এই গ্রন্থ সম্পাদনে আগন্তু যাবতীয় কাষ্যে আমার বিশেষ সহায়তা করিয়াছে—মদীয় অন্তগত প্রিয় শিষ্য শ্রীমান্ প্রিয়দর্শী ভিক্ষু। এই ছরুহ কাষ্যে তাঁহাদের উভয়ের পূর্ণ উৎসাহ ও সাহায্য না পাইলে এই সানুবাদ মহাকচ্চায়ন ব্যাকরণ গ্রন্থাকারে প্রকাশিত করা আজ আমার পক্ষে সম্ভব হইত না। প্রাণের সহিত আশীর্বাদ করি— তাহাদের পবিত্র ভিক্ষু জীবনের মহান্ উদ্দেশ্য সাফল্য মণ্ডিত হউক।

পরিশেষে বক্তব্য এই,—১৯০৪ খৃষ্টাব্দে সিংহলের মহামাণ্ড ধর্মকীর্ত্তি আচার্য্য শ্রীমৎ ধর্মারাম মহানায়ক স্থবির সম্পাদিত ‘কচ্চায়নবৃত্তির’ অনুকরণে মূল পালি ও তদনুযায়ী বঙ্গানুবাদ সংযোজিত করা হইল। মূলের সহিত মিল রাখিয়া অনুবাদ করিয়াছি। অনুবাদ যত সরল ও স্খবোধ্য হইতে পারে তজ্জন্ম বিশেষ চেষ্টা করিয়াছি। “কচ্চায়ন ব্যাকরণ” গ্রন্থটি বঙ্গানুবাদ

হ বঙ্গাকরে এই প্রথম মুদ্রিত হইল। বহু বাধা-বিঘ্নের ভিতর দিয়া ইহার মুদ্রণ কার্যাদি সমাপ্ত হইয়াছে। মুদ্রাকরের ক্রটিতে স্থল বিশেষে ভুল-প্রমাদ রহিয়াছে। শত চেষ্টাতেও তাহা অপনোদন করিতে পারিলাম না। এজন্য শুদ্ধিপত্র দেওয়া হইয়াছে। আশাকরি—সহৃদয় পাঠকগণ আমাদের অনিচ্ছাকৃত ক্রটি-বিচ্যুতি মার্জনা করিবেন। এখন এই গ্রন্থের দ্বারা শিক্ষার্থীদের উপকার সাধিত হইলেই মনে করিব—শ্রম সফল হইয়াছে।

সঙ্কম্বালঙ্কার-বিহার—
কর্তালা, বৃন্দপারা, চট্টগ্রাম।
২৪৮৩ বুদ্ধাব্দ
বৈশাখী পূর্ণিমা —————
১৩৪৭ বঙ্গাব্দ

ইতি—
শ্রীবংশদীপ মহাস্ববির

ভূমিকা

পালিভাষা প্রথমে এক সময়ে সাধারণ লোকের কথা ভাষা ছিল, সাহিত্যের ভাষা ছিল না। পরে কালক্রমে ইহা সাহিত্যের ভাষা হইয়া উঠে। বাঙলার মধ্য যুগে বৈষ্ণব সাহিত্যের মূল হইতেছে শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রচারিত বৈষ্ণব ধর্ম, তেমনি পালি সাহিত্যের মূল ছিল শ্রীবুদ্ধ-দেবের প্রচারিত বৌদ্ধ ধর্ম। ইনি যে ধর্ম প্রচার করেন তাহার অনেক কিছু পাওয়া যায় পালিভাষায়। কেবল ইহাই নহে, এই ধর্মকে ব্যাখ্যা করিবার জন্ত পরবর্তী আচার্যগণ যাহা বলিয়াছেন বা লিখিয়াছেন তাহারও অনেক পালিতে রহিয়াছে। তাই ইহার গৌরব ও প্রয়োজন সহজেই অনুমেয়। অন্য যাহাই কিছু হউক না, মহারাজ অশোক স্বকীয় অনুশাসনে মু নি গা থা, অ না গ ত ভ য়, রা হ লো বা দ প্রভৃতি পালিভাষায় লিখিত কয়েকটি সূত্রের উল্লেখ করিয়া প্রকারান্তরে পালিভাষারই গৌরব দেখাইয়াছেন।

পালি সাধারণের ভাষা হইতে ক্রমশ সাহিত্যের ভাষায় পরিণত হইলে তাহা পরবর্তী ব্যক্তিদের কাছে ধীরে ধীরে দুর্গম হইতে থাকে। তাই ইহাকে সুগম করিবার উদ্দেশ্যে তাহার ব্যাকরণ লিখিবার প্রয়োজন দেখা দিল, এবং তদনুসারে বহু ব্যাকরণ রচিত হইল। যেমন সংস্কৃত ব্যাকরণ-সমূহ সংস্কৃতভাষায়, পালি ব্যাকরণসমূহও সেইরূপ পালিভাষায় লিখিত হইল। পালিব্যাকরণগুলি ঠিক সংস্কৃত ব্যাকরণেরই পদ্ধতিকে অনুসরণ করিয়া লিখিত হইয়াছে।

পালিব্যাকরণের সংখ্যা কম নহে। সূভৃতি স্বকীয় না ম গা লা র ভূমিকায় ছোট-বড় পঞ্চাশ খানিরও বেশী পালিব্যাকরণের নাম ও সংক্ষিপ্ত পরিচয় দিয়াছেন। ইহাদের মধ্যে তিনখানি প্রধান। ক চা য় ন, মো গ্গ-ল্লা ন ও স দ নী তি। ক চা য় ন অবলম্বন করিয়া রূ প সি দ্ধি (ম হা রূ প-সি দ্ধি)। ম হা নি ক্ৰ ত্তি, চূ ল নি ক্ৰ ত্তি, নি ক্ৰ ত্তি পি ট ক, ও বা লা-ব তা র প্রভৃতি রচিত হইয়াছে। এইরূপ মো গ্গ ল্লা ন অবলম্বনে মো গ্গ-ল্লা য় ন বৃ ত্তি, প য়ো গ সি দ্ধি, স্ স দ সি দ্ধি, ও প দ সা ধ নী ইত্যাদি এবং স দ নী তি অবলম্বন করিয়া চূ ল স দ নী তি লিখিত হইয়াছে।

ইহাদের মধ্যে ক চা য় ন ই প্রাচীনতম, কিন্তু তাহা হইলেও রূ প সি দ্ধি, মো গ্গ ল্লা ন বৃ ত্তি, প দ সা ধ নী, ও প য়ো গ সি দ্ধি অধিকতর উপযোগী। কিন্তু স দ নী তি সর্বাপেক্ষা শ্রেষ্ঠ।

পাণিনির ব্যাকরণ সম্বন্ধে প্রবাদ আছে যে, মহাদেবের ঢাকেন

চৌদ্দটি শব্দ হয়। আর পাণিনি তাহাই অনুসরণ করিয়া “অ ই উ ণ্” প্রভৃতি চৌদ্দটি প্রত্যাহারসূত্র রচনা করেন। তাহাই মূলরূপে ধরিয়া তিনি নিজের অষ্টাধ্যায়ী প্রণয়ন করেন। ক চা য ন ব্যাকরণ সম্বন্ধে ও এইরূপ একটি প্রবাদ আছে। ক চা য ন ভে দ টী কা য আছে, কোন এক ভিক্ষু ভগবান্ বুদ্ধের নিকট ধ্যান শিক্ষা করিয়া অ নো ত ত্তা নামক হ্রদের তীরে একটি শাল বৃক্ষের নীচে ‘উ দ য ব য’ (উদয়-ব্যয়) অর্থাৎ ‘উৎপত্তি ও বিনাশ’ সম্বন্ধে ধ্যান করিতেছিলেন। ঐ সময় সেই হ্রদের উ দ কে অর্থাৎ জলে একটি বক বিচরণ করিতেছিল। ভিক্ষু ইহা দেখিয়া ‘উ দ য ব য’ শব্দের পরিবর্তে ‘উ দ ক ব ক’ ‘উ দ ক ব ক’ শব্দ উচ্চারণ করিয়া তাহাই ভাবিতে লাগিলেন। বুদ্ধদেব ইহা জানিতে পারিয়া ঐ ভিক্ষুকে ডাকিয়া বলিলেন “অথো অকথরসংগ্রঃঞাতো (অর্থোহক্ষরসংজ্ঞাতঃ), অর্থাৎ অক্ষর ভাল করিয়া জানিলে অর্থ জানা যায়। স্ববির কচায়ন ভগবানের অভিপ্রায় বলিলেন এবং এই বাক্যটিকেই প্রথম সূত্ররূপে গ্রহণ করিয়া সমগ্র ব্যাকরণখানি রচনা করিলেন।

আলোচ্য ব্যাকরণখানির রচয়িতা কচায়ন বুদ্ধদেবের সময়ে ছিলেন ইহার বিশ্বাসযোগ্য প্রমাণ নাই। তা যাহাই হউক, ইহারই ব্যাকরণখানি যে, সর্বাপেক্ষা প্রাচীন, তাহার সন্দেহ নাই।

পূর্বে বলিয়াছি, পালিব্যাকরণগুলি সংস্কৃত ব্যাকরণের পদ্ধতি অনুসরণ করিয়া লিখিত। আলোচ্য ব্যাকরণখানিও সেইরূপ। ইহার কারণ দুইটি বলিয়া মনে হয়। প্রথমত, প্রাচীন পালিবৈয়াকরণগণ খুব সংস্কৃতজ্ঞ ছিলেন। দ্বিতীয়ত সংস্কৃতের সহিত পালির অতিঘনিষ্ঠ সম্বন্ধ।

ক চা য ন ব্যা ক র ণে র বহু সূত্র পাণিনির অ ষ্টা ধা য়ী ও কা ত স্ত্র ব্যা ক র ণ হইতে গৃহীত। দ্রষ্টব্য—

ক চা য ন	কা ত স্ত্র
মস্মাদপেতি ভয়মাদত্তে বা	যতোহপৈতি ভয়মাদত্তে বা
তদপাদানং ॥ ২. ৬. ১।	তপাদানম্ ॥ ২:৪।
রকথনখানমিচ্ছিতং । ২. ৬. ৩।	ঈপ্সিতং চ রক্ষার্থানাম্ ॥ ২১৫
যোধারো তমোকাসং ॥ ২. ৬. ৮।	য আপারস্তুদধিকরণম্ ॥ ২১৭।
যেন বা কয়িষতে তং করণং ॥ ২. ৬. ৯।	যেন ক্রিয়তে তং করণম্ ॥ ২১৮।
যং করোতি তং কন্মং ॥ ২. ৬. ১০।	যং ক্রিয়তে তং কর্ম ॥ ২১৯।
যো করোতি স কত্তা ॥ ২. ৬. ১১।	যং করোতি স কতর্। ॥ ২২০।
যো কারেতি স হেতু ॥ ২. ৬. ১২।	কারযতি যঃ স হেতুশ্চ ॥ ২২১।
ইত্যাদি	ইত্যাদি

টীকা। ১ কলাপব্যাকরণম্ (কাতস্ত্রম্), পূর্বাধর্ম, শ্রীগুরুনাথ বিদ্যানিধি ভট্টাচার্যম সম্পাদিতম্, বঙ্গাব্দা : ১৩১৯ ।

ক চা য় ন

পা নি নি

নমোযোগাদিশ্বপি ॥	৬. ২. ২৪ ।	নমঃস্বস্তিঁ যোগাচ্চ ॥	২. ৩. ১১ ।
অপাদানে পঞ্চমী ॥	৬. ২. ২৫ ।	অপাদানে পঞ্চমী ॥	২. ৩. ২৮ ।
কস্মথে তৃতীয়া ॥	৬. ২. ২৭ ।	কস্ম নি দ্বিতীয়া ॥	২. ৩. ২ ।
কালক্কাণমচ্চস্তুসংযোগে ॥	৬. ২. ২৮ ।	কালান্বনোরত্যস্তুসংযোগে ॥	২. ৩. ৫ ।
কস্মপ্ৰবচনীয় যুক্তে চ ॥	৬. ২. ২৮ ।	কস্ম প্রবচনীয়যুক্তে দ্বিতীয়া ॥	২. ৩. ৮, ৯ ।
ইত্যাদি		ইত্যাদি ।	

এই প্রসঙ্গে ক চা য় ন ব্যাকরণের “নদিম্হাচ (২. ৭. ২৩)” এই সূত্রটি বিশেষভাবে লক্ষণীয়। ইহার অর্থ এই যে, নদীর পরেও (ক-প্রত্যয়) হয়। এখানে ‘নদী’ শব্দে কী বৃত্তিতে হইবে তাহা বৃত্তিতেও পরিষ্কার করিয়া বলা হয় নাই, যদিও প্রদত্ত উদাহরণ কয়টি হইত তাহা অনুমান করিয়া লইতে পারা যায়। আমার মনে হয়, এখানে ‘নদী’ বলিতে নদী-সংজ্ঞক শব্দ বৃত্তিতে হইবে। নদী সংজ্ঞক শব্দ কী? ক চা য় নে ইহা বলা হয় নাই, কিন্তু পা নি নি তে বলা হইয়াছে, “যু স্ম্যথো নদী (১-৪-৩)” অর্থাৎ ঙ্কারান্ত ও উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের সংজ্ঞা নদী।

মো গ্ গ ল্লা ন ব্যাকরণেরও সম্বন্ধে এইরূপ। ইহার ও চা স্ত্র ব্যাকরণের বহু সূত্র একই। পাণিনিরও বহু সূত্রের সম্বন্ধে ইহার মিল আছে।

এই আলোচ্য ব্যাকরণখানি সিংহল, বর্মা, শ্যাম ও কাম্বোডিয়ায় বহুকাল হইতে প্রচলিত আছে। ইহার সংস্করণও আছে অনেক। আমাদের দেশে বিশ্ববিদ্যালয়ে পাণি আলোচনার প্রথম প্রবর্তক স্বর্গীয় মহামহোপাধ্যায় সতীশ-চন্দ্র বিদ্যাভূষণ মহাশয় ও ইংরাজী অনুবাদের সহিত ইহা প্রকাশ করিয়া গিয়াছেন ১৯০১ খৃষ্টাব্দে। ইহার পূর্বে প্রসিদ্ধ ফরাসী পণ্ডিত F. Senart ইহার সংস্করণ করেন। বিদ্যাভূষণ মহাশয় নিজ সংস্করণে ইহার সাহায্য গ্রহণ করিয়াছেন। অত্র সংস্করণও আছে। কিন্তু এ পর্যন্ত ইহার এমন সংস্করণ আমার জানা নাই যাহাতে গুণদোষ বিচার করিয়া মূল পাঠ নির্ণয় করিবার চেষ্টা করা হইয়াছে। ১৯০৪ খ্রীষ্টাব্দে ধর্মকীর্তি শ্রীধর্মারাম সিংহলী অক্ষরে ইহার একটি সংস্করণ করেন। বোধহয় আলোচ্য সংস্করণটি ইহা হইতে করা হইয়াছে। তিনি ইহার ভূমিকায় বলিতেছেন, যদিও এই ব্যাকরণখানির বিভিন্ন সংস্করণ হইয়াছে, তথাপি বলিতে পারা যায় না যে, তাঁহার সংস্করণ খানিতে অশুদ্ধ পাঠ নাই। এখানে একটিমাত্র উদাহরণ দিব।

“দূরস্তিক” ইত্যাদি (২. ৬. ৫, পৃ: ১১৫) সূত্রের মধ্যে পাঠ আছে “বিভক্তার-প্লযোগ” ইত্যাদি। এখানে ‘আরপ্ল’ শব্দটি আলোচ্য সংস্করণে একাধিক বার

ধরা হইয়াছে। বিদ্যাভূষণ মহাশয়ের সংস্করণেও ইহাই আছে। স্বর্গীয় বিদ্যাভূষণ ও শ্রদ্ধেয় অনুবাদক মহাশয় ইহার অর্থ ঠিকই করিয়াছেন 'cessation,' 'বিরতি', অর্থাৎ নিবৃত্তি। কিন্তু ঐ শব্দটির এই অর্থ কোথা হইতে আসিল? পালি অভিধানেও শব্দটি দেখা যায় না, এবং তাহা হইলই বা কীরূপে? ইহার মূল সংস্কৃতই বা কী? আমার মনে হয় আলোচ্য শব্দটি মূলত হইতেছে 'আরক্ত', 'আরঞ্জ' নহে। ইহা হইয়াছে 'আরত' (= 'বিরত', দ্রষ্টব্য জাতক, ৪র্থ খণ্ড, ৩৭২ পৃঃ) হইতে। 'আরতি' (= 'বিরতি') শব্দও প্রসিদ্ধ আছে। তুলনীয় 'সোরক্ত', সংস্কৃত 'সৌরত্য', 'স্বরতি' শব্দও আছে।

শ্রীমৎ বংশদীপ মহাশ্ববির মহোদয় এই ব্যাকরণখানির মূল ও অনুবাদ উভয়ই আমাদিগকে উপহার দিয়াছেন। পালির আলোচনা ক্রমশই বাড়িতেছে, কিন্তু চুংখের সহিত বলিতে হয়, তদনুপাতে পালি পুস্তকের নানা আকারে প্রচার বাঙলা দেশে তেমন দেখা যাইতেছে না। বোধ হয়, ভারতে বাঙলা দেশেই পালির প্রথম প্রচার হয়, কিন্তু এখন অণু প্রদেশে ইহার বহু গ্রন্থের প্রচার হইতেছে, এখানে তত হইতেছে বলিয়া মনে হয় না—যদিও পালিকে নানা পরীক্ষায় পাঠ্য করা হইয়াছে। উপযুক্ত পুস্তকের অভাবে পাঠার্থীকে বড় অসুবিধায় পড়িতে হয়। সিংহল, বর্মী বা শ্রীলঙ্কা দেশের অঙ্গরে মুদ্রিত পুস্তকের দান কিছু কম হইলেও বাঙালী পাঠকদের উহার সহিত সাধারণ পরিচয় না থাকায় উহা কাজে লাগাইতে পারা যায় না। তা ছাড়া বাঙলা অনুবাদেও যথেষ্ট প্রয়োজন আছে। আলোচ্য ব্যাকরণখানি পরীক্ষায় পাঠ্য হইয়া মূল ও অনুবাদ উভয়েরই বিশেষ প্রয়োজন হইয়াছে। মহাশ্ববির মহোদয় ইহা এই সময়ে আমাদিগকে প্রদান করিয়া খুব ভাল কাজ করিয়াছেন। অনুবাদটি বেশ হইয়াছে। মূল বৃদ্ধিতে ইহা হইতে যথেষ্ট সাহায্য পাওয়া যাইবে। তিনি ইহা দ্বারা পালি পাঠার্থীর অনেক উপকার করিয়াছেন। তিনি তাহা দিয়াছেন পরে আমরা তাহার নিকট হইতে তাহা হইতে আরো বেশী চাই। স্থানে স্থানে পাঠ বা ছাপার সম্বন্ধে যে ক্রটি আছে, আশা করি পরবর্তী সংস্করণে তাহা থাকিবে না।

তিনি যদি ইহার পর মহা রূপ সিদ্ধির মূল ও বঙ্গানুবাদ প্রকাশ করেন তবে খুব ভাল হয়। ইতি—

কলিকাতা বিশ্ববিদ্যালয়,
২৭শে বৈশাখ, ১৩৪৭।

শ্রীবিষ্ণুশেখর ভট্টাচার্য্য

সূচীপত্র

বিষয়		পৃষ্ঠা
বন্দনা-গাথা	...	১
সন্ধিকরে		
প্রথম কাণ্ড—সংজ্ঞা	...	২
দ্বিতীয় কাণ্ড	...	৬
তৃতীয় কাণ্ড	...	১১
চতুর্থ কাণ্ড	...	১৪
পঞ্চম কাণ্ড	...	১৯
নামকরে		
প্রথম কাণ্ড	...	২৩
দ্বিতীয় কাণ্ড	...	৫৭
তৃতীয় কাণ্ড	...	৭৩
চতুর্থ কাণ্ড	...	৯৩
পঞ্চম কাণ্ড	...	১০৬
ষষ্ঠ কাণ্ড—কারক	...	১১২
সপ্তম কাণ্ড—সমাস		
অষ্টম কাণ্ড—তদ্ধিত	...	১৬
আখ্যাত করে		
প্রথম কাণ্ড	...	১৮৮
দ্বিতীয় কাণ্ড	...	১৯৭
তৃতীয় কাণ্ড	...	২০৯
চতুর্থ কাণ্ড	...	২১৬
কৃৎবিধান করে		
প্রথম কাণ্ড	...	২২৮
দ্বিতীয় কাণ্ড	...	২৩৮
তৃতীয় কাণ্ড	...	২৪৪
চতুর্থ কাণ্ড	...	২৫৪
পঞ্চম কাণ্ড	...	২৬০
ষষ্ঠ কাণ্ড—উণাদিকল্প	...	২৬৫

କଞ୍ଚାସନ ବ୍ୟାକରଣ

ବା

(କାତ୍ୟାୟନ ବ୍ୟାକରଣ)

ନମୋତସ୍ମ ଉଗବତୋ ଅରହତୋ ସମ୍ମା ସମ୍ଭୁକ୍ତସ୍ମ

- ୧ । ସେର୍ତ୍ତଂ ତିଲୋକମହିତଂ ଅଭିବନ୍ଦିୟମ୍ନଂ,
ବୁଦ୍ଧଃ କ୍ଷମ୍ୟମମଳଂ ଗଣମୁତ୍ତମଃ,
ସମ୍ଭୁକ୍ତଃ ତସ୍ମ ବଚନଧବରଂ ସୁବୋଦ୍ଧୁଂ,
ବନ୍ଧାମି ସୁତ୍ତହିତମେଥା ସୁସଙ୍କିକ୍ଷମ୍ ।
- ୨ । ସେସ୍ୟଂ ଜିନେରିତ ନସେନ ବୁଧା ଲଭନ୍ତି,
ତଦ୍ଧାମି ତସ୍ମ ବଚନଧ ସୁବୋଧନେନ,
ଅଥଃ ଅକ୍ଷରପଦେସୁ ଅମୋହଭାବା,
ସେସ୍ୟଧିକୋପଦମତୋ ବିବିଧଂ ସୁଶେଷ୍ୟ ।

-
- ୧ । ତ୍ରିଲୋକ-ପୂଜିତ ଶ୍ରେଷ୍ଠ ନମି ବୁଦ୍ଧବରେ
ନିରମଳ ଧର୍ମେ ଆର ଉତ୍ତମ ସଞ୍ଜେବେ ।
ବୁଦ୍ଧିବାରେ ସ୍ୱାଧୀନ ଶ୍ରୀ.ବୁଦ୍ଧ-ବଚନ
ବନ୍ଧିବ ସୁସଙ୍କି ନାମେ ପାଲି ବ୍ୟାକରଣ ।
 - ୨ । ଜିନ-ବାକ୍ୟ ମତେ ସୁଧୀ ଲଭେ ମୋକ୍ଷ-ସାର
ବୁଦ୍ଧେ ସେହି ଜିନ-ବାଣୀ ଜେନେ ଅଥ ତା'ର ।
ଅର୍ଥ-ବୋଧ ହସ୍ତ ତାର ବର୍ଣ୍ଣ-ପଦ ହ'ତେ
ତୁମ୍ଭକ୍ତ ସେ ନାନାପଦ ମୋକ୍ଷକାମୀ ଏତେ ।

सन्धि कण्ठे पठ्यो कण्ठो

सङ्गो

१। अथो अक्षर सङ्गोतो।

सर्ववचनानमथेः अक्षरेहेव सङ्गोयते, अक्षर विपक्षियं हि सति अथस्स दुन्नयता होति तस्या अक्षर कोसल्लं बहूपकारं सुत्तुत्तुम् ।

२। अक्षरा पादयो एकचत्तलीसं ।

ते च थो अक्षरा अपि अकारादयो एकचत्तलीसं सुत्तुत्तुम् सोपकारा ।

तं यथा—अ आ, इ ई, उ ऊ, ए ओ, क ख ग घ ङ, च छ ज झ ञ, ट ठ ड ढ ण, त थ द ध न, प फ ब भ म, य र ल व स ह ल् अं इति अक्षरा नाम होसिन्ति ।

तेन कथो ? अथो अक्षर सङ्गोतो ।

१। त्रिपिटकशास्त्रेण समस्त शकार्थं वा वाक्यार्थं अक्षर समूहेण साहायोई अवगत इति वाय । अक्षर समूहेण दुरुत्तारण, अनुत्तारण वा अक्षर-विच्छासेण विपर्याय घटिले प्रकृत अर्थ-बोध इय ना । सुतरां पिटकत्रयेण अर्थ-ज्ञान लाभ करिते इति सर्वे प्रथमे अक्षर-कुशलता, अक्षर-ज्ञान शिक्षा करा विशेष प्रयोजन ।

२। पिटकेण भाषाण पक्षे अ, आ, इत्यादि एकचत्तलीशटी मात्र अक्षर बह उपकार । यथा—अ आ इ ई उ ऊ ए ओ । क ख ग घ ङ, च छ ज झ ञ, ट ठ ड ढ ण, त थ द ध न, प फ ब भ म य र ल व स ह ल् अं, इहादेण नाम अक्षर वा वर्ण ।

प्रश्न—अक्षर-संज्ञार प्रयोजन केन ? उत्तर —“अथो अक्षरसङ्गोतो” एई सूत्रे अक्षर-संज्ञार उल्लेख आछे, ‘अक्षर’ एई नाम जाना ना थाकिले सन्देह इति पावे ये अक्षर कि ? एई कारणे अक्षर-संज्ञार दरकार ।

৩। তথোদন্তা সরা অর্ট।

তথ অক্ষরেসু অকারাদিসু ওদন্তা অর্টে সরা নাম হোন্তি ।
তং যথা—অ আ, ই ঈ, উ উ, এ ও ইতি সরা নাম ।

তেন কথো ? সরা সরে লোপং ।

৪। লছমত্তা তযো রঙ্গা ।

তথ অর্টেসু সরেসু লছমত্তা তযেঃ সরা রঙ্গা নাম হোন্তি ।
তং যথা—অ ই উ ইতি রঙ্গা নাম ।

তেন কথো ? রঙ্গং ।

৫। অঞ্চে দীঘা ।

তথ অর্টেসু সরেসু রঙ্গেসি অঞ্চে পঞ্চ সরা দীঘা নাম হোন্তি ।
তং যথা—আ ঈ উ এ ও ইতি দীঘা নাম ।

তেন কথো ? দীঘং ।

৩। সেই একচল্লিশটি অক্ষরের মধ্যে অ হইতে ও পর্যন্ত আটটি অক্ষরকে স্বরবর্ণ বলে। যথা—অ আ, ই ঈ, উ উ, এ ও ।

প্রশ্ন—স্বর-সংজ্ঞার প্রয়োজন কেন? উত্তর—“সরাসরে লোপং” এই সূত্রে স্বর-সংজ্ঞার উল্লেখ আছে। ‘স্বর’ এই নাম জানা না থাকিলে সন্দেহ হইতে পারে স্বর কি? এই কারণে স্বর-সংজ্ঞার প্রয়োজন ।

৪। সেই আট প্রকার স্বর বর্ণের মধ্যে লঘুমাত্রা-বিশিষ্ট (লঘুমাত্রা অর্থ অল্প নিম্নিষ পরিমাণ কাল, মাত্রা) তিনটি স্বরবর্ণকে হ্রস্ব স্বর বলে। যথা—অ ই উ ।

প্রশ্ন—হ্রস্ব-সংজ্ঞার প্রয়োজন কেন? “রঙ্গং” এই সূত্রে হ্রস্ব-সংজ্ঞার উল্লেখ আছে, ইহা জানা না থাকিলে সূত্রের অর্থ-বোধ হয় না। এই কারণে হ্রস্ব-সংজ্ঞার দরকার ।

৫। সেই আট প্রকার স্বরবর্ণের মধ্যে হ্রস্ব স্বর তিনটি বাতীত অপর পাঁচটি স্বরবর্ণকে দীর্ঘ স্বর বলে। যথা—আ ঈ উ এ ও ।

প্রশ্ন—দীর্ঘ-সংজ্ঞার প্রয়োজন কেন? উত্তর—“দীঘং” এই সূত্রে দীর্ঘ-সংজ্ঞার উল্লেখ আছে, ইহা জানা না থাকিলে সূত্রের অর্থ-বোধ হয় না, এই কারণে ‘দীর্ঘ’ এই নামের প্রয়োজন ।

৬। সেসা ব্যঞ্জনা।

ঠপেহা অর্ঠ সরে সেসা অক্ষরা ককারাদযো নিগ্নহীতস্তা ব্যঞ্জনা নাম হোন্তি।

তং যথা—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব স হ ল্ অং ইতি ব্যঞ্জনা নাম।

তেন কথো—সরা পকতি ব্যঞ্নে।

৭। বগ্নাপঞ্চ পঞ্চসো মন্তা।

তেসংখো ব্যঞ্জনাং ককারাদযো মকারন্তা পঞ্চ পঞ্চসো অক্ষর-বন্তো বগ্না নাম হোন্তি।

তং যথাঃ—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, ইতি বগ্না নাম।

তেন কথো ? বগ্নন্তং বা বগ্নে।

৮। অংইতি নিগ্নহীতং।

অংইতি নিগ্নহীতং নাম হোতি।

তেন কথো ? অংব্যঞ্নে নিগ্নহীতং।

৬। উক্ত একচত্রিশটি অক্ষরের মধ্যে আট প্রকার স্বরবর্ণ ব্যতীত অবশিষ্ট ক হইতে অক্ষর পদ্যন্ত তেত্রিশটি অক্ষরকে ব্যঞ্জনবর্ণ বলে। যথা—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব স হ ল্ অং।

এস্থলে প্রশ্নোত্তর সুবোধ্য।

৭। ব্যঞ্জনবর্ণ সমূহের ক হইতে ম পদ্যন্ত ২৫টি বর্ণ পাঁচ পাঁচ ভাগে বিভক্ত, ইহাদের প্রত্যেক ভাগকে বর্ণ বলে। প্রত্যেক বর্ণের প্রথম অক্ষর অক্ষরায়ী বর্ণের নাম হইয়া থাকে। যথা—

ক খ গ ঘ ঙ—ক বর্ণ

চ ছ জ ঝ ঞ—চ বর্ণ

ট ঠ ড ঢ ণ—ট বর্ণ

ত থ দ ধ ন—ত বর্ণ

প ফ ব ভ ম—প বর্ণ

এস্থলেও প্রশ্নোত্তর পূর্কোক্ত নিয়মে জ্ঞাতব্য।

৮। অং এই অকারের পর যেই বিন্দু, ইহাকে নিগ্নহীত বর্ণ বলে। এখানেও প্রশ্নোত্তর উক্ত নিয়মে জ্ঞাতব্য।

৯। পর সমষ্টিপযোগে।

যা চ পন সক্রত পশ্বেসু সমষ্টি ঘোসাতি বা অঘোসাতি বা তা পযোগে সতি এথাপি যুক্তন্তে।

তথ ঘোসবন্তো নাম; গ ঘ ঙ, জ ঝ ঞ, উ চ ণ, দ ধ ন, ব ভ ম, য র ল ব হ ল ঘোসা নাম--অঘোসা নাম, ক খ, চ ছ, ট ঠ, ত থ, প ফ স, ইতি অঘোসা নাম।

তেন কথো—বগ্নে ঘোসাঘোসানং তত্ভিয পঠমা।

১০। পুৰ্বমধোষ্ঠিতমস্মরং সরেন বিযোজযে।

তথ সন্ধিঃ কত্বকানো পুৰ্বব্যঞ্জনং অধোষ্ঠিতং অস্মরং কত্বা সরঞ্চ উপরি কত্বা সরেন বিযোজযে।

তত্রায়নাদি।

১১। নযে পরং যুক্তে।

অস্মরং খো ব্যঞ্জনং অধোষ্ঠিতং পরক্বরং নযে যুক্তে।

তত্রাভিরতিমিচ্ছ্য।

৯। পাণিনি প্রভৃতি সংস্কৃত ব্যাকরণে ঘোষ ও অঘোষ সংজ্ঞা সাধারণ, প্রয়োজন হইলে তাহা সংস্কৃত ব্যাকরণ হইতে সংগ্রহ করিয়া লইবে। সেইরূপ লিঙ্গ, সন্ধনাম, পদ, উপদর্গ, নিপাত, তদ্ধিত, আখ্যাত, কর্মপ্রবচনীয়, ইত্যাদি সংজ্ঞার প্রয়োজন হইলেও উক্ত ব্যাকরণ সমূহ হইতে সংগ্রহ করিয়া লইবে।

ঘোষবর্ণ, যথা—গ ঘ ঙ, জ ঝ ঞ, উ চ ণ, দ ধ ন ব ভ ম, য র ল ব হ ল। ইহার। ঘোষবর্ণ নামে কথিত হয়।

অঘোষবর্ণ, যথা—ক খ, চ ছ, ট ঠ, ত থ, প ফ, স, ইহার। অঘোষবর্ণ নামে কথিত হয়।

এখানেও প্রমোক্তর পূর্বোক্ত নিয়মে সুবোধ্য।

১০। সন্ধি করিবার জন্য পূর্ব পদের অন্ত্য বাঞ্জন বর্ণকে ডানদিকে একটু সরাইয়া এবং তাহা হইতে স্বরবর্ণকে পৃথক করিয়া রাখিবে।

এখানে ইহা সন্ধি-কাণ্ডের প্রথম সূচনা।

১১। যদি তেমন উপযুক্ত কারণ থাকে, তবে সেই অক্ষর বাঞ্জন বর্ণকে পরাক্ষরে যোগ করিবে। বর্ণ ও কালের বাবধান না থাকিলে, এস্থলে

যুক্ত্তি কস্মা—অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে,
এথ পন যুক্ত্তং ন হোতি ।

সন্ধিকণ্ণে দুতিযো কণ্ণো ।

১। সরা সরে লোপং ।

সরা খো সবেপি সরে পরে লোপং পশ্নোস্তি ।

যস্মিন্দ্রিয়ানি সমথং গতানি, নো হেতং ভস্তু, সমেতাযস্মা
সজ্জন ।

২। বা পরো অসরুপা ।

সরম্হা অসরুপা পরো সরো লোপং পশ্নোস্তি বা ।

চত্ভারোনে ভিক্ধবে ধস্মা, কিন্নু মা ব সমণিযো ।

বাতি কস্মা ? পক্ষিন্দ্রিয়ানি, তযস্মু ধস্মা জহিতা ভবন্তি ।

উপযুক্ত কারণ বলিয়া জানিতে হইবে। যথা—তত্র + অভিরতিমিচ্ছয়া =
তত্রাভিরতিমিচ্ছয়া ।

প্রশ্ন—‘উপযুক্ত কারণ থাকিলে’ ইহা কেন বলা হইয়াছে ?

উত্তর—‘অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে’, এস্থলে উপযুক্ত
কারণ নহে বলিয়া সন্ধি হইল না ।

১। স্বরবর্ণ পরে থাকিলে পূর্বস্বর লোপ হয়। যথা—যসস + ইন্দ্রিয়ানি
= যসসিন্দ্রিয়ানি, নোহি + এতং = নোহেতং, সমেতু + আযস্মা = সমেতাযস্মা ।

২। অসমানরূপ স্বরবর্ণের পর স্বরবর্ণ কচিৎ লোপ হয়। যথা—চত্ভারো
+ ইমে = চত্ভারোমে, কিন্নু + ইমাব = কিন্নু মা ব ।

প্রশ্ন—কচিৎ কেন ? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—
পক্ষ + ইন্দ্রিয়ানি = পক্ষিন্দ্রিয়ানি, তযো + অস্মু = তযস্মু, এস্থলে পূর্বস্বর
লুপ্ত হইয়াছে ।

৩। কচাসবল্লং লুত্তে।

সরো খো পরো পুৰবসরে লুত্তে কচি অসবল্লং পল্লোতি।
সংখ্যং নোপেতি বেদগু, বক্কুস্বেব সমাগমো।

কচীতি কস্মা ? যস্মিন্দ্রিয়ানি, তথুপমং ধস্মবরং অদেসবী।

৪। দীঘং।

সরো খো পরো পুৰবসরে লুত্তে কচি দীঘং পল্লোতি।

সন্ধীধ বিভ্ৰং পুরিসস্স সেঐং, অনাগারেহি চূভযং।

কচীতি কস্মা ? পঞ্চলুপালি অস্কেহি সমন্নাগতো, নথঞ্জুং
কিঞ্চি নেথ।

৫। পূৰ্বেষা চ।

পূৰ্বেষা চ সরো পরসরলোপে কতে কচি দীঘং পল্লোতি।
কিংসূধ বিভ্ৰং পুরিসস্স সেঐং, সাধূতি পটিস্সুণিত্তা।

কচীতি কস্মা ? ইতিস্স মুহত্তস্পি।

৩। অসমানরূপ স্ববর্ণ লুপ্ত হইলে পর স্বর কচিং অসবর্ণ প্রাপ্ত হয়।
অর্থাৎ ই ঙ্গ স্থানে এ কার এবং উ উ স্থানে ও কাব হয়। যথা—সংখ্যংন +
উপেতি = সংখ্যংনোপেতি, বক্কুস্স + ইব = বক্কুস্সেব।

প্রশ্ন—কচিং কেন ? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—
যস্স + ইন্দ্রিয়ানি = যস্মিন্দ্রিয়ানি, তথা + উপমং = তথুপমং।

৪। পূৰ্বস্বর লুপ্ত হইলে পরস্বর কচিং দীঘ হয়। যথা—সন্ধী + ইধ =
সন্ধীধ, অনাগারেহি চ + উভযং = অনাগারেহিচূভযং।

প্রশ্ন—কচিং কেন ? উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—পঞ্চহি +
উপালি = পঞ্চলুপালি, নথি + অঞ্জুং = নথঞ্জুং, এস্থলে পরস্বর দীঘ হইল না।

৫। পরস্বর লুপ্ত হইলে পূৰ্বস্বর কচিং দীঘ হয়। যথা—কিংসূ + ইধ =
কিংসূধ, সাধু + ইতি = সাধূতি।

প্রশ্ন—কচিং কেন ? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—
ইতি + অস্স = ইতিস্স, এস্থলে পূৰ্বস্বর দীঘ হইল না।

৬। যামে দন্তুঙ্গাদেসো।

একারঙ্গ অন্তুভূতঙ্গ সরে পরে কচি যকারাদেসো হোতি।
অধিগতো খো ম্যাযং ধম্মো, ত্যাহং এবং বদেয্যং, ত্যাঙ্গ পহীনা
হোন্তি।

কচীতি কস্মা? তেনাগতা, ইতি নেথা।

৭। বমো দুদন্তানং।

ওকারুকারানং অন্তুভূতানং সরে পরে কচি বকারাদেসো
হোতি।

অথখঙ্গ, সঙ্গহোতি, ববহাবাধো, বথেথ বিহিতং নিচ্চং
চক্খুপাথমাগচ্ছন্তি।

কচীতি কস্মা? চত্তারোমে ভিক্খবে ধম্মা, কিন্নুনাব সমণিযো।

৮। সবেবা চন্তি।

সবেবা তি ইচ্চেসো তিসদ্দো ব্যঞ্জনো সরে পরে কচি চকারং
পপ্পোতি।

৬। স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব পদের অন্ত্য একারের স্থানে কচিৎ
বকার আদেশ হয়। যথা—খোমে+অং = খোম্যাং, তে+অং = ত্যাং,
তে+অঙ্গ = ত্যাঙ্গ।

প্রশ্ন—কচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—
তে+অনাগতা = তেনাগতা, নে+এথ = নেথ, এস্থলে একারের স্থানে যকার
আদেশ হইল না।

৭। স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব পদের অন্ত্য ওকার এবং উকারের স্থানে
কচিৎ বকার আদেশ হয়। যথা—অথখো+অঙ্গ = অথখঙ্গ, সো+অঙ্গ
= সঙ্গ, বহ+আবাধো = ববহাবাধো, বথু+এথ = বথেথ, চক্খু+আপাথং
= চক্খুপাথং।

প্রশ্ন—কচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া। যথা—
চত্তারো+ইমে—চত্তারোমে, কিন্নু+ইনাবসমণিযো = কিন্নুনাবসমণিযো,
এস্থলে ওকার এবং উকারের স্থানে বকার আদেশ হইল না।

৮। স্বরবর্ণ পরে থাকিলে পূর্ব 'তি'শব্দের স্থানে কচিৎ চকার হয়।
যথা—ইতি+এতং = ইচ্চেতং, ইতি+অঙ্গ = ইচ্চঙ্গ, পতি+উত্তরিয়া =

ইচ্চেতং কুসলং, ইচ্চস্ বচনীয়ং, পচ্ছুরিহা, পচ্ছাহরতি
কচীতি কস্মা ? ইতিস্মমুল্লভস্পি ।

৯। দো ধস্ চ ।

ধ ইচ্চেতস্ সরে পরে কচি দকারাদেসো হোতি । একদা
মিদাহং ভিক্শবে সময়ং ।

কচীতি কস্মা ? ইধেব মরণং ভবিষ্সতি, চসদ্গহণেন ধকারস্
হকারাদেসো হোতি—সাহ্‌দস্‌ন মরিয়ানং ।

সুস্ত বিভাগেন বহুধাপি সিযা :—তো দস্ ; যথা, সুগতো । টো
তস্ ; যথা, দুকটং । ধো তস্ ; যথা, গন্ধবেবা । ত্রো তস্ ; যথা,
অত্রজো । কো গস্ ; যথা, কুলূপকো । লো রস্ ; যথা, মহাসালো ।
জো যস্ ; যথা, গবজো । বো বস্ ; যথা, কুববতো । কো যস্ ; যথা,
সকে । যো জস্ ; যথা, নিয়ং পুত্রং । কো তস্ ; যথা, নিয়কো । চো
তস্ ; যথা, ভচো । ফো পস্ ; যথা, নিষ্ফত্তি । ইচ্চেবমাদযো ।

পচ্ছুরিহা, পতি + অ হ : তি = পচ্ছাহরতি । উক্ত উদাহরণে “পরদেভাবো-
ঠানে” এই সূত্রানুসারে চকারের স্থান হইয়াছে ।

প্রশ্ন—কচিৎ কেন ? উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া । যথা—ইতি + অস্ম
—ইতিস্ম, এস্থলে তিশকেব স্থানে চকার হইল না ।

৯। স্বরবর্ণ পরে থাকিলে ধকারের স্থানে কচিৎ দকার আদেশ
হয় । যথা—ইধ + অহং = ইদাহং, এস্থলে “দীঘং” এই সূত্রানুসারে পর
স্বর দীর্ঘ হইয়াছে ।

প্রশ্ন—কচিৎ কেন ? উক্ত নিয়ম নিত্য হয় না বলিয়া । যথা—ইধ + এব =
ইধেব । বক্ষ্যমান সূত্রের সমুচ্চার্থবাচক চকারেব যোগে,—ধকারের
স্থানে হকার আদেশ হয় । যথা—সাধু + দস্‌সনমরিয়ানং = সাহ্‌দস্‌নমরিয়ানং ।
বর্তমান সূত্রে নানা প্রকারে বিভাগ করা যায় :—তো দস্—দকারের
স্থানে তকার আদেশ হয়, যথা—সুগদো, সুগতো ।

টো তস্—তকারের স্থানে টকার আদেশ হয়, যথা—দুকতং, দুকটং ।
এইরূপ ধো তস্—তকারের স্থানে ধকার আদেশ হয়, যথা—গন্ধবেবা ।
ত্রো তস্—তকারের স্থানে ত্রকার আদেশ হয়, যথা—অত্রজো ।
কো গস্—গকারের স্থানে ককার আদেশ হয়, যথা—কুলূপকো ।

১০। ইবগ্নো ষন্নবা।

পুবেবা ইবগ্নো সরে পরে যকারং পগ্নোতি নবা। পটিসস্থার
বৃত্যঙ্গ, সৰ্ববিত্যনুভূযতে।

নবাতি কস্মা ? পঞ্চহঙ্গেহি সমন্নাগতো, মুক্তচাগী অনুদ্ধতো।

১১। এবাদিস্স রি পুবেবা চ রস্সো।

সরমহা পরঙ্গ এবঙ্গ একারঙ্গ আদিঙ্গ রিকারো হোতি পুবেবা
চ সরো রস্সো হোতি নবা।

যথরীব বসুধাতলঞ্চ সৰ্বং তথরিব গুণবা সুপূজনীযো।

নবাতি কস্মা ? যথা এব, তথা এব।

লো রস্স—রকারের স্থানে লকার আদেশ হয়, যথা—মহাসালো।

জো যস্স—যকারের স্থানে জকার আদেশ হয়, যথা—গবজো।

বো বস্স—বকারের স্থানে বকার আদেশ হয়, যথা—কুববতো।

কো যস্স—যকারের স্থানে ককার আদেশ হয়, যথা—সকে।

যো জস্স—জকারের স্থানে যকার আদেশ হয়, যথা—নিয়ং পুত্তং।

কো তস্স—তকারের স্থানে ককার আদেশ হয়, যথা—নিয়কো।

চো তস্স—তকারের স্থানে চকার আদেশ হয়, যথা—ভচেচা।

ফো পস্স—পকারের স্থানে ফকার আদেশ হয়, যথা—নিপ্পক্টি।

১০। স্বর বর্ণ পরে থাকিলে ঠকাব কিম্বা ঠকারের স্থানে কচিৎ

যকার আদেশ হয়, যথা—পটিসস্থারবৃত্তি+অস্স=পটিসস্থারবৃত্তাস্স, এস্থলে
“বাঙ্গনো চ বিসঙ্গ্ৰেণোগো” এই সূত্রের সমুচ্চয়ার্থবাচক ঠকাব যোগে
তকারের মধ্য তকার একটা লুপ্ত হইয়াছে। সৰ্ববাবৃত্তি+অনুভূযতে—
সৰ্ববাবৃত্তানুভূযতে, এস্থলেও উক্তনিয়ম।

প্রশ্ন—কচিৎ কেন ? সৰ্বদ্য উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—পঞ্চহি+
অঙ্গেহি—পঞ্চহঙ্গেহি, মুক্তচাগী+অনুদ্ধতো—মুক্তচাগী অনুদ্ধতো।

১১। স্বর বর্ণের পর ‘এব’ শব্দের আন্ত এ কারের স্থানে কচিৎ রিকার
আদেশ হয় এব পূর্ব স্বর কচিৎ হ্রস্ব হয়। যথা—যথা+এব—যথরিব,
তথা+এব—তথরিব।

প্রশ্ন—কচিৎ কেন ? সৰ্বদ্য উক্ত নিয়ম হয় না বলিয়া। যথা—যথা+
এব—যথাএব, তথা+এব—তথাএব।

সন্ধিকপ্পেততিযো কণ্ঠো ।

১। সরা পকতি ব্যঞ্জে ।

সরাখো ব্যঞ্জে পরে পকতি রু ॥ হোন্তি ! মনো পুৰ্ব্বঙ্গমাধম্মা,
পমাদো মচ্চুনো পদং, তিগ্নো পারগতো অহ্ ।

২। সরে কচি ।

সরা খো সরে পরে কচি পকতি রূপা হোন্তি ।

কো ইমং পঠবিং বিচেস্সতি ।

কচীতি কস্মা ? অগ্নস্মুতাযং পুরিসো ।

৩। দীঘং ।

সরা খো ব্যঞ্জে পরে কচি দীঘং পশ্নোন্তি ।

সম্মাধম্মং বিপস্সতে', এবং গামে মুনীচরে, খন্তী পরমং তপো
তিতিক্কা ।

কচীতি কস্মা ? ইধ মোদতি, পেচ্চ মোদতি, পতিলীযতি,
পতিহঞ্ণতি ।

১। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূৰ্ব্বস্ববের প্রকৃত রূপই হয়, অর্থাৎ
কোনও ব্যতিক্রম হয়না। যথা--মনো+পূৰ্ব্বঙ্গমা=মনোপূৰ্ব্বঙ্গমা, পমাদো+
মচ্চুনোপদং=পমাদোমচ্চুনোপদং, তিগ্নো+পারগতো=তিগ্নোপারগতো ।

২। স্বরবর্ণপরে থাকিলে পূৰ্ব্বস্বরের কচিৎ প্রকৃতরূপই হয়। যথা—
কো+ইমং=কোইমং ।

প্রশ্ন—কচিৎ কেন ? উত্তর—সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া। যথা—
অগ্নস্মুতো+অহং=অগ্নস্মুতাযং ।

৩। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূৰ্ব্বস্বর কচিৎ দীর্ঘ হয়। যথা—সম্ম+
ধম্মং=সম্মাধম্মং, মুনি+চরে=মুনীচরে, খন্তি+পরমং=খন্তীপরমং ।

প্রশ্ন—কচিৎ কেন ? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয়না বলিয়া। যথা—ইধ+
মোদতি=ইধমোদতি, পেচ্চ+মোদতি=পেচ্চমোদতি, পতি+লীযতি=
পতিলীযতি, পতি+হঞ্ণতি=পতিহঞ্ণতি ।

৪। রঙ্গং।

সরা খো ব্যঞ্জে পরে কচি রঙ্গং পশ্নোন্তি।

ভোবাদি নাম সোহোতি, যথা ভাবি গুণেন সো।

কচীতি কস্মা ? সস্মা সমাধি, সাবিত্তী ছন্দসো মুখং, উপনীযতি
জীবিতমগ্নমাযু।

৫। লোপঞ্চ তত্রাকারো।

সরা খো ব্যঞ্জে পরে কচি লোপং পশ্নোন্তি, তত্র চ লোপে
কতে অকারাগমো হোতি।

সসীলবা, সপঞ্জ্জবা, এস ধম্মো সনন্তুনো, সবে কাসাবমরহতি,
সমানকামোপি ভবেয্য, সবে মুনি জাতিভঘং অদঙ্গী।

কচীতি কস্মা ? সো মুনি, তেন সো মুনি, এসো ধম্মো
পদিঙ্গতি, নসো কাসাবমরহতি।

৬। পরষেভাবো ঠানে।

সরমহা পরঙ্গ ব্যঞ্জনঙ্গ দেভাবো হোতি ঠানে।

৪। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূর্বস্বর কচিৎ হ্রস্ব হয়। যথা—ভোবাদী+
নামসো=ভোবাদিনামসো, যথাভাবী+গুণেন সো=যথাভাবিগুণেন সো।

প্রশ্ন—কচিৎ কেন? উত্তর—উক্ত নিয়ম নিত্য হয়না বলিয়া। যথা—
সস্মা+সমাধি=সস্মাসমাধি, সাবিত্তী+ছন্দসো মুখং=সাবিত্তীছন্দসোমুখং, উপ-
নীযতি+জীবিতমগ্নমাযু—উপনীযতি জীবিত মগ্নমাযু।

৫। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে পূর্বস্বর কচিৎ লোপ হয় এবং সেই
লুপ্ত স্বরের স্থানে অকার আগম হয়। যথা—সো+সীলবা=সসীলবা, সো+
পঞ্জ্জবা=সপঞ্জ্জবা, এসো+ধম্মো=এসধম্মো, সো+বে কাসাবমরহতি=
সবেকাসাবমরহতি, সো+মানকামো=সমানকামো, সো+বে মুনি=সবেমুনি।

প্রশ্ন—কচিৎ কেন? উত্তর—সর্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া। যথা—
সো+মুনি=সোমুনি, এসো+ধম্মো=এসোধম্মো, ন সো+কাসাবমরহতি=
ন সোকাসাবমরহতি।

৬। উপযুক্ত কারণ থাকিলে স্বরবর্ণের পর ব্যঞ্জন বর্ণের দ্বিত্ব হয়।
যথা—ইধ+পমাদো=ইধগ্নমাদো, প+বজ্জং=পব্বজ্জং, চাতু+দসী=চাতু-
দসী, অতি+কন্ততরো=অতিকন্ততরো।

ইধপ্পমাদো পুরিসঙ্গ জন্তনো, পববজ্জং কিত্তযিঙ্গামি । চাতুদসী
পঞ্চদসী অভিকন্তুরো চ পণীততরো চ ।

ঠানেতি কস্মা ? ইধ মোদতি পেচ্চ মোদতি ।

৭। বগ্গে ঘোসাঘোসানং ততিষ পঠমা ।

বগ্গে খো পুবেবসং ব্যঞ্জানং ঘোসাঘোসভূতানং সরম্হা যথা
সম্ম্যং ততিষ পঠমক্করা ছেভাবং গচ্ছন্তি ঠানে ।

এসোবত চ জ্ঞানফলো, যত্র চিত্তং নপ্পসহেয্য মচ্ছু, সেলে যথা
পব্বতমুক্কনি চিত্তো, চত্তারি চ্ঠানানি নরো পমত্তো ।

ঠানেতি কস্মা ? ইধচেতসো দহ্লং গণহাতি থামসা ।

প্রশ্ন—‘উপযুক্ত কারণ থাকিলে’ এইরূপ কেন বলা হইয়াছে ? উত্তর—
বর্ণ বা কালের ব্যবধান থাকিলে দ্বিত্ব হয় না, বর্ণ বা কালের ব্যবধান রহিত
অতি আসন্ন স্থানেই দ্বিত্ব হয় । যথা—ইধ+মোদতি=ইধমোদতি, পেচ্চ+
মোদতি=পেচ্চমোদতি, এখানে দ্বিত্ব হইল না । এই সূত্রে পরস্পর সদৃশ
ব্যঞ্জন বর্ণদ্বয়ের দ্বিত্ব সহজে উক্ত হইয়াছে ।

৭। বর্ণীয় চতুর্থ ঘোষ বর্ণ ও দ্বিতীয় অঘোষ বর্ণের সহিত সেই বর্ণীয়
তৃতীয় ঘোষ বর্ণ ও প্রথম অঘোষ বর্ণ যথাক্রমে দ্বিত্ব হয়, অর্থাৎ উপযুক্ত
কারণ থাকিলে, প্রত্যেক বর্ণের চতুর্থ ঘোষ বর্ণের সহিত সেই বর্ণের তৃতীয়
ঘোষ বর্ণ দ্বিত্ব হয় এবং দ্বিতীয় অঘোষ বর্ণের সহিত সেই বর্ণের প্রথম
অঘোষ বর্ণ দ্বিত্ব হয় । যথা—এসো বত+জ্ঞানফলো=এসো বতজ্ঞানফলো,
যত্র+চিত্তং=যত্রচিত্তং, পব্বতমুক্কনি+চিত্তো=পব্বতমুক্কনিচিত্তো, চত্তারি
+চ্ঠানানি=চত্তারিচ্ঠানানি ।

প্রশ্ন—‘উপযুক্ত কারণ থাকিলে’ এইরূপ কেন বলা হইয়াছে ?

উত্তর—বর্ণ বা কালের ব্যবধান থাকিলে দ্বিত্ব হয় না । যথা—ইধ+
চেতসো=ইধ চেতসো । এইসূত্রে পরস্পর সদৃশ ব্যঞ্জনবর্ণদ্বয়ের দ্বিত্ব
সহজে উক্ত হইয়াছে ।

সন্ধিকপ্পে চতুর্থো কণ্ঠো ।

১। অং ব্যঞ্জনে নিগ্নহীতং ।

নিগ্নহীতং খো ব্যঞ্জনে পরে অং ইতি হোতি ।

এবং বৃন্তে তং সাধুতি পটিঙ্গুনিছা ।

২। বগ্নস্তং বা বগ্নে ।

বগ্নভূতে ব্যঞ্জনে পরে নিগ্নহীতং খো বগ্নস্তংবাপপ্নোতি ।
তন্নিবুতং, ধম্মকরে সূচরিতং, চিরম্পবাসিং পুরিসং, সম্বস্তস্ মনং
হোতি, তদ্ধাক্ষণিকং, এবচ্ছো ভিক্সবে সিদ্ধিতববং ।

বাগ্নহণেন নিগ্নহীতং খো লকারাদেসো হোতি—পুগ্নলং ।

বাতি কস্মা ? ন তং কস্মং কতং সাধু ।

৩। এহেঞ্জং ।

একারে হকারে চ পরে নিগ্নহীতং খো ঞ্কারং পপ্নোতি বা ।
পচ্চত্ত্বেব পরিনিব্বাযিস্সামি, তত্ত্বেবেথ পটিপুচ্ছিস্সামি, এবঞ্ইহ
বো ভিক্সবে সিদ্ধিতববং, তঞ্ইহ তস্স মুসা হোতি ।

বাতি কস্মা ? এবমেতং অভিঞ্জায়, এবং হোতি সুভাসিতং ।

১। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে নিগ্নহীত স্থানে অং আদেশ হয়, অর্থাৎ
বর্গীয় ব্যঞ্জন বর্ণ ভিন্ন অল্প ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে অল্পস্বারের স্থানে
অল্পস্বারই থাকে ইহার কোনও পরিবর্তন হয় না, যথা—এবং+বৃন্তে—
এবংবৃন্তে, তং+সাধু—তংসাধু ।

২। বর্গীয় ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে অল্পস্বারের স্থানে বিকল্পে সেই বর্ণের
পক্ষন বর্ণ হয়। যথা—তং+নিব্বুতং—তন্নিব্বুতং, ধম্মং+চরে—ধম্মকরে,
চিরং+পবাসিং—চিরম্পবাসিং, সম্বং—তস্স—সম্বস্তস্স, তং+কাক্ষণিকং—
তদ্ধাক্ষণিকং এবং+খো—এবচ্ছো ।

এই সূত্রের 'বা' এই পদের যোগে অল্পস্বারের স্থানে ল আদেশ হয় ।
যথা—পুগ্নং+অং—পুগ্নলং ।

এই সূত্রের 'বা' এই পদের দরকার কেন ? সর্বত্র উক্ত নিয়ম হয়না
বলিয়া, যেমন—নতং+কস্মং—নতংকস্মং, এস্থলে উক্ত নিয়মে সন্ধি হইল না ।

৩। একার এবং হকার পরে থাকিলে অল্পস্বারের স্থানে বিকল্পে
ঞ আদেশ হয় । যথা—পচ্চত্তং+এব—পচ্চত্তঞ্ঞেব, তং+এব—তঞ্ঞেব ।

৪। স ষে চ।

নিগ্নহীতং খো যকারে পরে সহ যকারেন ঞ্কারং পশ্নোতি
বা। সঞ্ণোগো, সঞ্ণুস্তং।

বাতিকস্মা ? সংযোগো, সংযুক্তং।

৫। মদাসরে।

নিগ্নহীতং খো সরে পরে মকারদকারাদেসা হোস্তি বা।
তমহং ক্রমি ব্রাহ্মণং এতদবোচ সখা।

বাতি কস্মা ? অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে।

৬। যবমদনভরলা চাগমা।

সরে পরে যকারো বকারো মকারো দকারো নকারো তকারো
রকারো লকারো ইমে আগমা হোস্তি বা।

ইত্যাदि স্থলে “পরদ্বৈভাবোঠানে” এই সূত্রানুসারে ঞ্ দ্বিত্ব হইয়াছে।
এবং + হি = এবঞ্ হি, তং + হি = তঞ্ হি।

বিকল্পে কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; যথা—এবং + এতং =
এবমেতং, এবং + হোতি = এবংহোতি।

৪। যকার পরে থাকিলে সেই যকারসহ অন্তস্বারের স্থানে বিকল্পে
ঞ আদেশ হয়। যথা—সং + যোগো = সঞ্ঞোগো, সং + যুক্তং = সঞ্ঞুক্তং
এস্থলে “পরদ্বৈভাবোঠানে” এই সূত্রানুসারে ঞ্ দ্বিত্ব হইয়াছে। বিকল্পে
কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; সং + যোগো = সংযোগো, সং +
যুক্তং = সংযুক্তং।

৫। স্বরবর্ণ পরে থাকিলে অন্তস্বাবেব স্থানে বিকল্পে ম এবং দ কার
আদেশ হয়। যথা—তং + অহং = তমহং, এতং + অবোচ = এতদবোচ।
বিকল্পে কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; যথা—অক্কোচ্ছি মং
অবধি মং অজিনি মং অহাসি মে।

৬। স্বরবর্ণ পরে থাকিলে য, ব, ম, দ, ন, ত, র এবং ল ইহারা আগম
হয় বিকল্পে। যথা—ন + ইমস্ = নযিমস্, যথা + ইদং = যথায়িদং, ভস্তা +
উদিক্খতি = ভস্তাবুদিক্খতি, লহ্ + এম্ সতি = লহমেস্ সতি, গরু + এম্ সতি =
গরুমেস্ সতি, কসা + ইব = কসামিব, সন্মা + অঞ্ঞা = সন্মদঞ্ঞা, মনসা +
অঞ্ঞা = মনসাদঞ্ঞা।

নযিমঙ্গ বিজ্ঞা, যথাযিদং চিত্তং, মিগীভস্তাবুদ্ধিক্খতি, সিদ্ভাতে
 লহমেঙ্গতি, অসিদ্ভাতে গরু মেঙ্গতি, অঙ্গো ভদ্রো কসামিব, সম্ব
 দঞ্জা বিমুত্তানং, মনসাদঞ্জা বিমুত্তানং, অন্তদখমভিঞ্জায়,
 চিরন্নাযতি, ইতোনাযতি, যস্মাতিহ ভিক্খবে, তস্মাতিহ ভিক্খবে,
 অজ্জতগ্গে পাণুপেতং, সত্ত্বিরেব সমাসেথ, আরগ্গেরিব সাসপো,
 সাসপোরিব আরগ্গে, ছলভিঞ্জা, সলাযতনং ।

বাতি কস্মা ? এবং মহিদ্ধিয়া এমা, অক্কোচ্ছি মং অবধি মং
 অজ্জিনি মং অহাসি মে, অজ্জয়ো—অনুগামিযো ।

চসদঙ্গহণেন ইহেব মকারঙ্গ পকারো হোতি । যথা,
 চিরঙ্গবাসিং পুরিসং । ককারঙ্গ চ দকারো হোতি, সদখপস্তুতো
 সিযা । দকারঙ্গ চ তকারো হোতি, স্তুগতো ।

৭। ক্চি ও ব্যঞ্জনে ।

ব্যঞ্জনে পরে ক্চি ওকারাগমো হোতি ।

অতিঙ্গংগা খো তাব সাবখিয়ং পিণ্ডায় চরিত্তং, পরো সহস্সং
 ভিক্খুসত্তং ।

ক্চীতি কস্মা ? এথ পঙ্গথিমং লোকং, অঙ্গভূতো অযং লোকো ।

অত্র + অখং = অন্তদখং, চিরং + আযতি = চিরন্নাযতি, ইতো + আযতি
 = ইতোনাযতি, যস্মা + ইহ = যস্মাতিহ, তস্মা + ইহ = তস্মাতিহ, অজ্জ +
 অগ্গে = অজ্জতগ্গে, সত্ত্বি + এব = সত্ত্বিরেব, আরগ্গে + ইব = আরগ্গেরিব,
 সাসপো + ইব = সাসপোরিব, চ + অভিঞ্জা = ছলভিঞ্জা, ছ + আযতনং =
 সলাযতনং ।

বিকল্পে কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম ভয়না বলিয়া ; যথা—এবং মহিদ্ধিয়া
 এমা, অক্কোচ্ছি মং অবধি মং অজ্জিনি মং অহাসি মে, অজ্জয়ো অনুগামিযো ।

এই সূত্রের চকার যোগে—নকার স্থানে পকার, ককার স্থানে দকার
 এবং দকার স্থানে তকার আদেশ হয় । যথা—চিরং + পবাসিং = চিরঙ্গবাসিং
 সক + অখপস্তুতো = সদখপস্তুতো, স্তুগর + ও = স্তুগতো ।

৭। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে ক্চিৎ ওকার আগম হয় । যথা—
 অতিঙ্গ + গো তাব = অতিঙ্গংগো গো তাব, এস্থলে খ ব্যঞ্জন বর্ণ পরে থাকিতে

৮। নিগ্নহীতঞ্চ।

নিগ্নহীতঞ্চ আগমো হোতি সরে বা ব্যঞ্জনে বা পরে ক্চি।
চক্খুঃ উদপাদি, অবংসিরো, যাবন্ধিধ ভিক্খবে, পুরিমংজাতি
অণুংখুলানি সৰ্বসো, মনো পুব্বঙ্গমা ধম্মা।

ক্চীতি কস্মা ? ইধেব নং পসংসন্তি, পেচ্চসগ্গে চ মোদতি,
নহি এতে হি যানেহি গচ্ছেযা অগত্তং দিসং।

চ সদ্ধগ্নহণেন বিসদ্দস্স চ পকারো হোতি—পচেস্সতি,
বিচেস্সতি বা।

৯। ক্চি লোপং।

নিগ্নহীতং খো সরে পরে ক্চি লোপং পপ্পোতি।

তাসাহং সন্তিকে, বিদুনগ্গমিতি।

ক্চীতি কস্মা ? অহমেব নুনবালো, এতদখং বিদিহ্বা।

ও কার আগম হইয়াছে এবং পূর্কোক্ত বর্ষ সূত্রের চকার যোগে সেই
আগম 'ও' স্বরবর্ণ পরে থাকাতে পুনঃ গকার আগম হইয়াছে। পর+
সহস্,সং = পরোসহস্,সং।

ক্চিৎ কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; যথা—এথ পস্,সথিমং
লোকং, অন্ধভূতো অযং লোকো।

৮। স্বরবর্ণ কিম্বা ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে ক্চিৎ অন্বস্বার আগম
হয়। যথা—চক্খু+উদপাদি = চক্খুঃউদপাদি. অব+সিরো = অবংসিরো,
যাব+চিধ = যাবন্ধিধ. পুরিম+জাতি = পুরিমংজাতি, অণু+খুলানি = অণুং-
খুলানি, মনোপুব্ব+গমা = মনোপুব্বঙ্গমা। ক্চিৎ কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম
হয়না বলিয়া ; যথা—ইধেব নং পসংসন্তি পেচ্চ সগ্গে চ মোদতি, নহি
এতেহি যানেহি গচ্ছেযা অগত্তং দিসং।

সূত্রের চ কার যোগে 'বি' শব্দের স্থানে পকার আদেশ হয়, যথা—
পচেস্সতি, বিচেস্সতি বা।

৯। স্বরবর্ণ পরে থাকিলে ক্চিৎ অন্বস্বার লোপ হয়। যথা—তাসং+
অহং = তাসাহং, এস্থলে "দীঘং" এই সূত্রানুসারে অকার দীর্ঘ হইয়াছে ;
বিদুনং+অগ্গং = বিদুনগ্গং।

১০। ব্যঞ্জে চ।

নিগ্গহীতং খো ব্যঞ্জে পরে কচি লোপং পশ্নোতি।

অরিষসচ্চান দঙ্গনং, এতং বুদ্ধানসাসনং।

কচীতি কস্মা ? এতং মঙ্গলমুত্তমং, তং বো বদামি ভদন্তে।

১১। পরো বা সরো।

নিগ্গহীতমহা পরো সরো লোপং পশ্নোতি বা।

অভিনন্দুস্তি শ্ৰুভাসিতং, উত্তত্তং'ব, যথা বীজং' ব ধঞ্জং।

বাতি কস্মা ? অহমেব নুনবালো, এতদহোসি।

১২। ব্যঞ্জনো চ বিসঞ্জোগো।

নিগ্গহীতমহা পরস্মিৎ সরেলুত্তে যদি ব্যঞ্জনো সঞ্জোগো
বিসঞ্জোগো হোতি।

এবংস তে আসবা, পুপ্ফং সা উপ্পজ্জি।

কচিৎ কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; যেমন—অহমেব
নুনবালো, এতদখং বিদিত্বা।

১০। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে কচিৎ অক্ষর লোপ হয়। যথা—
অরিষসচ্চানং + দঙ্গনং = অরিষসচ্চানদঙ্গনং, বুদ্ধানং + সাসনং = বুদ্ধানসাসনং।

কচিৎ কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; যেমন—এতং মঙ্গল-
মুত্তমং, তং বো বদামি ভদন্তে।

১১। অক্ষরের পরস্মর বিকল্পে লুপ্ত হয়। যথা—অভিনন্দুং + ইতি =
অভিনন্দুস্তি, উত্তত্তং + ইব = উত্তত্তং'ব, বীজং + ইব = বীজং'ব। বিকল্পে কেন
সৰ্বত্র উক্ত নিয়ম হয়না বলিয়া ; যেমন—অহমেব নুন বালো, এতদহোসি।

১২। অক্ষরের পরস্মর লুপ্ত হইলে সংযোগ ব্যঞ্জন বর্ণ বিনষ্ট সংযোগ
হয়, অর্থাৎ সংযুক্ত ব্যঞ্জন বর্ণের পূর্ব ব্যঞ্জনবর্ণ লোপ হয়। যথা—
এবং + অস্ম = এবংস, পুপ্ফং + অস্মা = পুপ্ফংসা। “পরস্মর লুপ্ত হইলে”
ইহা বলিবার কারণ কি ? পরস্মর লুপ্ত না হইলে সংযুক্ত ব্যঞ্জনবর্ণের আশ্রিত
ব্যঞ্জন বর্ণ লুপ্ত হয়না ; যথা—এবং + অস্ম = এবমস্ম, বিদ্বনং + অগ্গং =
বিদ্বনগ্গং। ইত্যাদিস্থলে সংযুক্ত ব্যঞ্জন বর্ণের আশ্রিত ব্যঞ্জন বর্ণ লোপ
হয় নাই।

লুপ্তেতি কস্মা ? এবমস্, বিদুনগ্নমিতি । চন্দ্রগ্নহনে তিগ্নম্পি
ব্যঞ্জনাং সরূপাং কচি লোপো হোতি । তং যথা—অগ্যাগারং,
বৃত্যস্ ।

সন্ধিকল্পে পঞ্চমো কণ্ডো

১। গো সরে পুথস্মাগমো কচি ।

পুথ ইচ্চতস্ সরে পরে কচি গকারাগমো হোতি, পুথগেব,
কচীতি কস্মা ? পুথ এব ।

২। পাস্ চস্তো রস্মো ।

পা ইচ্চতস্ সরে পরে কচি গকারাগমো হোতি, অস্তো চ
সরো রস্মোহোতি । পগেব বৃত্যস্ ।

কচীতি কস্মা ? পা এব বৃত্যস্ ।

৩। অভি অস্তো অভি ।

অভি ইচ্চতস্ সরে পরে অস্তো আদেশো হোতি ।
অন্তুদীরিতং, অন্তুগ্নচ্ছতি ।

এই সূত্রের চকার যোগে সংযুক্ত ব্যঞ্জন বর্ণত্রয়ের আত্ম ব্যঞ্জন বর্ণ কচিৎ
লোপ হয় । যথা—অগ্গি+অগারং = অগ্যাগারং, বৃত্তি+অস্ = বৃত্যস্ ।

১। স্বরবর্ণ পরে থাকিলে পুথ শব্দের অস্তে কচিৎ গকার আগম
হয় । যথা—পুথ+এব = পুথগেব, পুথএব বা ।

২। স্বরবর্ণ পরে থাকিলে পা এই নিপাত শব্দের অস্তে কচিৎ গ কার
আগম হয় এবং পা এই পদের অস্ত্য স্বর হ্রস্ব হয় । যথা—পা+এব =
পগেব, পাএব বা ।

৩। স্বরবর্ণ পরে থাকিলে অভি উপসর্গের স্থানে অস্তো আদেশ হয় ।
যথা—অভি+উদীরিতং = অন্তুদীরিতং, অভি+উগ্নচ্ছতি অন্তুগ্নচ্ছতি ।

৪। অঙ্কো অধি।

অধি ইচ্চতঙ্গ সরে পরে অঙ্কো আদেশো হোতি। অঙ্কো-
কাসো, অঙ্কগমা।

৫। তে ন বা ইবগ্নে।

তে চ খো অভি অধি ইচ্চতে ইবগ্নে পরে অঙ্কো অঙ্কো ইতি
বুত্তরূপা ন হোন্তি বা। অভিজ্জিতং, অধীরিতং।

বাতি কস্মা ? অন্তীরিতং, অজ্জিগমুত্তো।

৬। অতিঙ্গ চস্তঙ্গ।

অতি ইচ্চতঙ্গ অন্তভূতঙ্গ তিসদঙ্গ ইবগ্নে পরে “সৰ্বো
চস্তী” তি বুত্তরূপং ন হোতি। অতিসিগণো, অতীরিতং।

ইবগ্নেতি কস্মা ? অচ্চস্তং।

৭। কচি পটি পতিঙ্গ।

পতি ইচ্চতঙ্গ সরে ব্যঞ্জনে বা পরে কচি পটি আদেশো
হোতি। পটিগ্নিদাতবেবা, পটিহঞ্জতি।

৪। স্বরবর্ণ পরে থাকিলে অধি উপসর্গের স্থানে অঙ্কো আদেশ হয়।
যথা—অধি+ওকাসো=অঙ্কোকাসো, অধি+অগমা=অঙ্কগমা।

৫। ই, ঈ পরে থাকিলে অভি ও অধি উপসর্গের স্থানে ক্রমে অঙ্কো ও
অঙ্কো আদেশ হয় না বিকল্পে। যথা—অভি+ইজ্জিতং=অভিজ্জিতং, অধি+
ঈরিতং=অধীরিতং।

বিকল্পে কেন ? অভি+ঈরিতং=অন্তীরিতং, অধি+ইগমুত্তো=অজ্জিগ-
মুত্তো। ইত্যাদি স্থলে উক্ত প্রকার হইল না।

৬। ই, ঈ পরে থাকিলে অতি উপসর্গের অন্ত্য তি শব্দের স্থানে
“সৰ্বো চস্তি” এই সূত্রানুসারে উক্ত যেই চকার তাহা হয় না। যথা—অতি
+ইসিগণো=অতিসিগণো, অতি+ঈরিতং=অতীরিতং।

‘ই, ঈ পরে থাকিলে’ ইহা বনিবার কারণ কি ? অতি+অচ্চস্তং=অচ্চস্তং,
এ স্থলে “সৰ্বো চস্তি” সূত্রানুসারে কার্য হইয়াছে।

৭। স্বর বা ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পতি শব্দের স্থানে কচিৎ পটি
আদেশ হয়। যথা—পতি+অগগি=পটিগ্গি, পতি+হঞ্জতি=

কচীতি কস্মা ? পচস্তিমেষু জনপদেষু, পতিলীয়তি, পতিরূপ-
দেসবাসো চ ।

৮। পুথস্ম্ ব্যঞ্জে ।

পুথ ইচ্চেষ্টস্ম্ অস্তো সরো ব্যঞ্জে পরে উকারো হোতি ।
পুথুজ্জনো, পুথুভূতং ।

অন্তুগ্গহণেন অপুথস্ম্‌পি সরে পরে অন্তুসস উকারো হোতি—
মস্মুঞ্জং ।

৯। ও অবস্ম্ ।

অব ইচ্চেষ্টস্ম্ ওকারাদেসো হোতি কচি ব্যঞ্জে পরে ।
অক্কারেন ওনক্কা ।

কচীতি কস্মা ? অবস্ম্‌সতু মে সরীরে মংসলোহিতং ।

১০। অনুপদির্চানং বৃত্তযোগতো ।

অনুপদির্চানং উপসর্গনিপাতানং সরসন্ধীহি ব্যঞ্জনসন্ধীহি
বৃত্তসন্ধীহি যথাযোগং যোচ্চেতবৎ ।

পটিহ্‌ঞ্‌তি । কচিং কেন ? সৰ্বত্র উক্ত নিয়ম হয় না বলিয়া ; যেমন—
পতি + অস্তিমেষু = পচস্তিমেষু, পতি + লীয়তি = পতিলীয়তি, পতি +
রূপদেসবাসো = পতিরূপদেসবাসো ।

৮। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পুথ শব্দের অস্ত্যস্বর অকারের স্থানে উকার
হয় । যথা—পুথ + জনো = পুথুজ্জনো, পুথ + ভূতং = পুথুভূতং । পূর্বে
“অতিস্ম চান্তস্ম” এই সূত্রের অন্ত শব্দের প্রয়োগে স্বরবর্ণ পরে থাকিলে
পুথশব্দ ভিন্ন অন্য শব্দেরও অস্ত্যস্বরের স্থানে উকার হয় । যথা—মনো +
অঞ্‌ঞং = মস্মুঞ্‌ঞং । এস্থলে মণ্ডুক গতিবশে এই সূত্রের কার্য হইয়াছে ।

৯। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অবশব্দের স্থানে কচিং ওকার আদেশ হয় ।
যথা—অব + নক্কা = ওনক্কা । কচিং কেন ? সৰ্বত্র উক্ত এই নিয়ম হয় না
বলিয়া ; যেমন—অব + স্ম্‌সতু = অবস্ম্‌সতু ।

১০। উপসর্গ নিপাতাদির যোগে যে সকল সন্ধি পূর্বে বর্ণিত হয় নাই
এখানে পূর্বে উক্ত স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও নিগৃহীত সন্ধির সূত্রানুসারে
যথাযথভাবে তাহাদের সন্ধিকার্য্য দ্রষ্টব্য । যথা—প + আপনং = পাপনং, এস্থলে
“সরাসরে লোপং” এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে । পরা + অযনং = পরায়নং,

পাপনং, পরায়নং, উপাযনং, উপাহনং, শ্রাযোগো, নিরূপধি,
অনুবোধো, ছবৃপসমৃৎ, স্বেবৃপসমৃৎ, ছালযো, স্বালযো, ছরাক্ষাতং,
স্বাক্ষাতো, উদৌরিতং, সমুদ্দিষ্টং, বিষগ্নং, বিষ্মগ্নং, ব্যগ্নং,
অবযাগমনং, অন্তেতি, অনুপঘাতো, অনচ্ছরিয়ো, পরিযেসনা,
পরামাসো, এবং সরে চ হোন্তি ।

পরিগ্নহো, পগ্নহো, পকমো, পরকমো, নিকমো, নিকমাবো,
নিগ্নযনং, ছগ্নযনং, ছত্তিক্ষং, ছব্বুত্তং, সন্দিষ্টং, গ্নহো, নিগ্নহো,
বিগ্নহো, নিগ্নতং, অভিকমো, পটিকমো, অতিকমো, এবং
ব্যঞ্জে চ হোন্তি—সেসাচ সবেব যোজ্জতববা ।

এস্থলে ‘সরাসরে লোপং’ এবং ‘দীঘং’ এই দুই সূত্রানুসারে কার্য হইয়াছে ।
উপ+অযনং=উপাযনং, এখানেও উক্ত নিয়মে কার্য হইয়াছে । উপ+
আহণং=উপাহণং, এখানে “সরাসরে লোপং” এই সূত্রানুসারে কার্য
হইয়াছে । নি+আযোগো=ন্যাযোগো, এখানে “ইবল্লো যং নবা” এই
সূত্রানুসারে সন্ধিকার্য হইয়াছে ।

নি+উপধি=নিরূপধি, এখানে “য ব ম দ ন ত র ল চাগমা” এই সূত্রা-
নুসারে হইয়াছে । অনু+বোধো=অনুবোধো, এখানে সন্ধি ‘সরা পকতি
ব্যঞ্জে’ এই সূত্রানুসারে হইয়াছে । ছ+উপসমৃৎ=ছবৃপসমৃৎ, এখানেও
উক্ত সূত্রানুসারে বকার আগম এবং বাঞ্জন বর্ণ পরে থাকাতে “দীঘং”
এই সূত্রানুসারে উকার দীর্ঘ হইয়াছে । এইপ্রকার স্+উপসমৃৎ=
স্বেবৃপসমৃৎ । ছ+আলযো=ছালযো, এখানে “বমোচ্ছদস্থানং” এই সূত্রানুসারে
কার্য হইয়াছে । তদ্রূপে স্+আলোযো=স্বালযো । ছ+আক্ষাতং=
ছরাক্ষাতং, এখানে পূর্কোক্ত সূত্রানুসারে রকার আগম হইয়াছে । সং+
উদ্দিষ্টং=সমুদ্দিষ্টং, এখানে “মদা সরে” এই সূত্রানুসারে কার্য হইয়াছে ।
বি+অগ্গং=বিষগ্গং এখানে পূর্কোক্ত সূত্রানুসারে যকার আগম হইয়াছে
বি+অধি+অগ্গং=বিষ্মগ্গং, এখানে “অশ্মো অধি” এবং “সরা
সরে লোপং” এই দুই সূত্রানুসারে সন্ধি কার্য হইয়াছে । বি+অগ্গং=ব্যগ্গং,
এখানে “ইবল্লো যং নবা” এই সূত্রানুসারে কার্য হইয়াছে । অব+আগমনং=
অবযাগমনং, এখানে পূর্কোক্ত সূত্রানুসারে যকার আগম হইয়াছে । অনু+

নাম

১। জিনবচন যুক্তংহি।

জিন বচন যুক্তংহি ইচ্চেতং অধিকারখং বেদিতবং।

২। লিঙ্গঞ্চ নিপচ্চতে।

যথা যথা জিনবচনযুক্তং হি লিঙ্গং তথা তথা ইধ লিঙ্গঞ্চ
নিপচ্চতে।

তং যথা—এসো নো সখা, ব্রহ্মা, অস্তা, সখা, রাজা।

এতি—অশ্বেতি, এখানে “বমোহুদস্তানং” এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে।
অনু+উপঘাতো—অনুপঘাতো, এখানে “সরা সরে লোপং” এবং “দীঘং”
এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। অন+আচ্ছরিষো—অনচ্ছরিষো, এখানে
“রস্ং” এই সূত্রানুসারে হইয়াছে। অথবা অনু+অচ্ছরিষো—অনচ্ছরিষো,
এখানে “সরা সরে লোপং” এই সূত্রানুসারে হইয়াছে। পরি+এসনা—
পরিযেসনা, এখানে পূর্বেকৃত সূত্রানুসাবে ষকার আগম হইয়াছে। পরা+
আমাসো—পরামাসো, এখানে “সরা সরে লোপং” এই সূত্রানুসারে কার্য্য
হইয়াছে। পরি+গহো—পরিগ্গহো এখানে “পরদেভাবোঠানে” এই
সূত্রানুসারে সন্ধি কার্য্য হইয়াছে। তদ্রূপ, প+গহো—পগ্গহো। প+কমো—
পকমো। পর+কমো—পরকমো। নি+কসাবো—নিকসাবো। হু+লঘনং—
হুলঘনং। হু+ভিক্খং—হুভিক্খং, এখানে “বগ্গেগ ঘোসাঘোসানং ততিষ-পঠমা”
এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। হু+বৃত্তং—হুবৃত্তং, এখানে “পরদেভাবো-
ঠানে” এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। সং+দিট্ঠং—সন্দিট্ঠং, এখানে
“বগ্গন্তং বা বগ্গে” এই সূত্রানুসারে কার্য্য হইয়াছে। হু+গহো—হুগ্গহো ;
নি+গহো—নিগ্গহো, ইত্যাদি স্থলে “পরদে ভাবোঠানে” এই সূত্রানুসারে
সন্ধি কার্য্য হইয়াছে। “অভিকম-পটিকমাদীনি” সন্ধিগুলিও উক্ত নিয়মে
ব্রষ্টব্য।

১। জিন বচন-যুক্ত অর্থাৎ বুদ্ধ-বাক্য ত্রিপিটক শাস্ত্রেরপালি ভাষাভাষায়ী,
“জিন বচন যুক্তংহি” এই সূত্রটি নিয়ে প্রত্যেক সূত্রের সহিত সম্বন্ধ রাখিয়া,
সূত্রগুলির কার্য্য করিতে হইবে।

৩। ততো চ বিভক্তিয়ো ।

ততো জিনবচনযুন্তেহি লিঙ্গেহি বিভক্তিয়ো হোন্তি ॥

৪। সি যো, অং যো, না হি, স নং, স্মা হি, স নং, স্মিং স্ম ।
কা চ পন তা বিভক্তিয়ো ?

সি, যো ইতি পঠমা, অং, যো ইতি তৃতীয়া, না, হি ইতি তৃতীয়া, স, নং ইতি চতুর্থী, স্মা, হি ইতি পঞ্চমী, স, নং ইতি ছট্ঠী, স্মিং, স্ম ইতি সপ্তমী ।

বিভক্তি ইচ্চানেন কথো ? 'অমহুঃ মমং স বিভক্তিঃ সে' ।

৫। তদনুপরোধেন ।

যথা যথা তেসং জিনবচনানং অনুপরোধেন তথা তথা ইধ লিঙ্ক নিপ্পচ্চতে ।

২। ধাতু, প্রত্যয় ও বিভক্তি-বর্জিত এবং অর্থ-যুক্ত শব্দকে—লিঙ্ক বলে। জিনবচন যোগ্য লিঙ্ক এস্থলে নিপ্পন্ন করা হইতেছে। যথা—এসো নো সখা, ব্রহ্মা, অস্তা, সখা, রাজা ।

৩। সেই জিন বচন যুক্ত লিঙ্কের পর যথা-যোগ্য বিভক্তি সকল যোগ হয়। সূত্রের "চ"কার যোগে বিভক্তি গুলির একবচন ও বহুবচন এবং প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী 'সংজ্ঞা' হয়।

৪। সি, যো, অং, যো, না, হি, স, নং, স্মা, হি, স, নং, স্মিং, স্ম ইহার বিভক্তি ।

বিভক্তি	একবচন	বহুবচন
প্রথম	সি	যো
দ্বিতীয়	অং	যো
তৃতীয়	না	হি
চতুর্থী	স	নং
পঞ্চমী	স্মা	হি
ষষ্ঠী	স	নং
সপ্তমী	স্মিং	স্ম

৫। যেই যেই প্রকারে লিঙ্কের, (নামের,) রূপসিকি নিপ্পন্ন করা হইলে

৬। আলপনে সি গসঞ্জে।

আলপনখে সি গসঞ্জে হোতি।

ভোতি অযো, ভোতি কঞ্জে, ভোতি খরাদিয়ে।

আলপনেতি কিমখং ? সা অযা। সীতি কিমখং ? ভোতিযো
অযাযো। গ ইচ্চনেন কথো ? যতেচ।

৭। ইবগ্নুবগ্নাবলা।

ই বগ্নুবগ্না ইচ্চেতে ঝ ল সঞ্জা হোন্তি যথা সঙ্খ্যং। ইসিনো
অগ্গিনো, গহপতিনো, দণ্ডিনো, সেতুনো, কেতুনো, ভিক্খুনো,
সযস্তুনো, অভিভুনো।

ঝ ল ইচ্চনেন কথো ? ঝলতো সঙ্গ নো বা।

৮। তে ইথিখ্যা পো।

তে ইবগ্নুবগ্না যদা ইথিখ্যা তদা প সঞ্জা হোন্তি। রত্তিয়া
ইথিয়া, ধেমুয়া, দেবিয়া।

ইথিখ্যাতি কিমখং ? ইসিনা, ভিক্খুনা। প ইচ্চনেন কথো ?
পতো যা।

জিন বচনের অযোগ্য হয় না, এস্থলে সেই সেই প্রকার লিঙ্গের রূপ-সিদ্ধি
নিম্পন্ন করা যাইতেছে। এস্থলে লিঙ্গ-শব্দের অর্থ নাম বা শব্দ। তাহা পূর্বে
উক্ত হইয়াছে।

৬। আলপনে (সম্বোধনে) “সি” বিভক্তিকে “গ” বিভক্তি নামে
অভিহিত করা হয়। যথা—ভোতি অযো, ভোতি কঞ্জে, ভোতি খরাদিয়ে।

৭। ই, ঙ্গীকারান্ত পুংলিঙ্গ শব্দের সাধারণ নাম ঝ, এবং উ, উকারান্ত
পুংলিঙ্গ শব্দের সাধারণ নাম ল। অর্থাৎ ঝ বলিলে ই, ঙ্গীকারান্ত পুংলিঙ্গ
শব্দকে এবং ল, বলিলে উ, উকারান্ত পুংলিঙ্গ শব্দকেই বুঝিতে হইবে।

যথা—ইসিনো, দণ্ডিনো, অগ্গিনো, গহপতিনো, সেতুনো, ভিক্খুনো এবং
সযস্তুনো।

৮। ঝগ্ন ইবর্গান্ত এবং উবর্গান্ত শব্দ স্ত্রীলিঙ্গে আখ্যাত হয়, তখন
তাহাদিগকে “প” সংজ্ঞা বলা হয়। অর্থাৎ স্ত্রীলিঙ্গে ই, ঙ্গীকারান্ত এবং উ,
উকারান্ত শব্দের সাধারণ নাম “প”। অথবা “প” বলিতে এস্থলে স্ত্রীলিঙ্গে

৯। আ ঘো।

আকারো যদা ইথিখ্যা তদা ঘ সংজ্ঞা হোতি। সঙ্ঘায়, কঙ্ঘায়, বীণায়, গঙ্ঘায়, দিসায়, সালায়, মালায়, তুলায়, দোলায়, পভায়, সোভায়, পঙ্ঘায়, করুণায়, নাবায়, কলপায়।
আ ইতি কিমথং? রন্তিয়া, ইথিয়া, দেবিয়া, ধেনুয়া।

ইথিখ্যাতি কিমথং? সখারা দেসিতো অযং ধম্মো।

ঘ ইচ্চনেন কথো? ঘতো নদীনং।

১০। সাগমো সে।

সকারাগমো হোতি সে বিভক্তিম্হি। পুরিসঙ্গ, অগ্গিসঙ্গ, ইসিসঙ্গ, দণ্ডিসঙ্গ, তিক্খুসঙ্গ, সঘত্তুসঙ্গ, অভিত্তুসঙ্গ।
সে তি কিমথং? পুরিসম্মিং।

১১। সংসাম্বৈকবচনেন্সু চ।

সং সাম্বৈ একবচনেন্সু বিভক্তাদেসেন্সু সকারাগমো হোতি।
এতিসঙ্গং, এতিসঙ্গা, ইমিসঙ্গং, ইমিসঙ্গা, তিসঙ্গং, তিসঙ্গা, তসঙ্গং, তসঙ্গা,
যসঙ্গং, যসঙ্গা, অমুসঙ্গং, অমুসঙ্গা।

সংসাম্বীতি কিমথং? অগ্গিনা, পাগিনা, দণ্ডিনা।

একবচনেন্সীতি কিমথং? তাসং, সব্বাসং।

বিভক্তাদেসেন্সীতি কিমথং? মনসা, বচসা, থামসা ॥

ইবর্ণাস্ত এবং উবর্ণাস্ত শব্দকেই বুঝিতে হইবে। যথা—রন্তিয়া, ইথিয়া, বধুয়া, ধেনুয়া এবং দেবিয়া।

২। আকারান্ত শব্দ যখন স্থানিলিঙ্গ আখ্যাত হয়, তখন তাহাকে “ঘ” সংজ্ঞা বলা হয়। অর্থাৎ আকারান্ত স্থানিলিঙ্গ শব্দের সাধারণ নাম “ঘ”। অথবা “ঘ” বলিতে এস্থলে আকারান্ত স্থানিলিঙ্গ শব্দকেই বুঝিতে হইবে। যথা—সঙ্ঘায়, কঙ্ঘায়, বীণায়, গঙ্ঘায়, দিসায়, সালায়, মালায়, তুলায়, দোলায়, পভায়, সোভায়, পঙ্ঘায়, করুণায়, নাবায় এবং কলপায়।

১০। “স” বিভক্তি পরে থাকিলে সকার আগম হয়। যথা—পুরিসঙ্গ, অগ্গিসঙ্গ, দণ্ডিসঙ্গ, ইসিসঙ্গ, তিক্খুসঙ্গ, সঘত্তুসঙ্গ এবং অভিত্তুসঙ্গ।

১১। একবচনে বিভক্তির আদেশ ‘সং’ এবং ‘সা’ পরে থাকিলে স’কার আগম হয়। অর্থাৎ একবচনে যেই যেই বিভক্তির স্থানে “সং” এবং “সা”

১২। এতিমাস্মি।

এতা ইমা ইচ্চোতেসমস্তে। সরো ইকারো হোতি সংসাসু একবচনেশু বিভক্তাদেসেশু। এতিস্মং এতিস্মা, ইমিস্মং, ইমিস্মা। সংসাস্বীতি কিমথং? এতায়, ইমায।

একবচনেশ্বীতি কিমথং? এতাসং, ইমাসং।

১৩। তস্মা বা।

তস্মা ইথিয়ং বহুমানস্ম অন্তস্ম আকারস্ম ইকারো হোতি বা সংসাসু একবচনেশু বিভক্তাদেসেশু। তিস্মং, তিস্মা, তস্মং, তস্মা।

আদেশ হয়, সেই সেই বিভক্তির আদেশ ভূত সং এবং সা পরে থাকিলে “স” আগম হয়। যথা—এতিস্মং, এতিস্মা, ইমিস্মং, ইমিস্মা, তিস্মং, তিস্মা, তস্মং, তস্মা, যস্মং, যস্মা, অমুস্মং এবং অমুস্মা।

‘সং এবং সা, বিভক্তি পরে থাকিলে, ইহা বলিবার কারণ কি? সেই বিভক্তি দুইটি পরে না থাকিলে সকার আগম হইবে না।

যথা—অগ্নিগ্না, পানিনা, দণ্ডিনা। এক বচনে ইহা বলিবার কারণ কি? বহুবচনে উক্ত বিভক্তি দুইটি পরে থাকিলে সকার আগম হয় না।

যথা—তাসং, সর্বাসং।

‘বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে ইহা বলিবার কারণ কি? সেইরূপ না হইলে সকার আগম হয় না।

যথা—মননা, বচনা, থামসা।

১২। একবচনে বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে এতা এবং ইমা শব্দের অন্ত্যস্বর আকারের স্থানে ইকার হয়। যথা—এতিস্মং, এতিস্মা, ইমিস্মং, ইমিস্মা।

‘সং এবং সা পরে থাকিলে’ ইহা বলিবার কারণ কি? তাহা না হইলে এতা এবং ইমা শব্দের অন্ত্যস্বরের স্থানে ইকার হয় না। যথা—এতায়, ইমায।

‘একবচনে’ ইহা বলিবার কারণ কি?

বহুবচনে উক্ত প্রকার হয় না। যথা—এতাসং, ইমাসং।

১৩। এক বচনে বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে স্ত্রীলিঙ্গে তা শব্দের অন্ত্যস্বর আকার স্থানে ইকার হয় বিকল্পে। যথা—তিস্মং, তিস্মা, তস্মং, তস্মা।

১৪। ততো সসৃস স্মাষ।

ততো তা এতা ইমাতো সসৃ বিভক্তি স্মাযাদেসো হোতি বা।
তিস্মায, এতিস্মায, ইমিস্মায। বাতি কিমথং? তিস্মা, এতিস্মা,
ইমিস্মা।

১৫। ঘো রস্মং।

ঘো রস্মাপজ্জতে সং সামু একবচনেসু বিভক্তাদেসেসু। তস্মং,
তস্মা, যস্মং, যস্মা, সর্বস্মং, সর্বস্মা।

সং সাম্বীতি কিমথং? তায, সর্বায।

একবচনেস্বীতি কিমথং? তাসং, সর্বাসং ॥

১৬। নো চ দ্বাদিতোনম্হি।

দ্বি ইচ্ছেবমাদিতো সঙ্খ্যাতো নকারাগমো হোতি নম্হি-
বিভক্তিম্হি। দ্বিন্নং, তিন্নং, চতুন্নং, পঞ্চন্নং, ছন্নং, সত্তন্নং, অট্ঠন্নং,
নবন্নং, দসন্নং,।

দ্বাদিতোতি কিমথং? সহস্মানং। নম্হীতি কিমথং? দ্বীসু,
তীসু।

চ সদগ্গহণেন স্জ্ঞাণাগমো হোতি। চতস্মন্নং ইথীনং, তিস্মন্নং
বেদনানং।

১৪। তা. এতা, এবং ইমা শব্দের উত্তর স বিভক্তির স্থানে 'স্মায'
আদেশ হয়, বিকল্পে। যথা—তিস্মায, তিস্মা, এতিস্মায, এতিস্মা,
ইমিস্মায, ইমিস্মা।

১৫। এক বচনে বিভক্তির আদেশভূত সং এবং সা পরে থাকিলে
স্বীলিত আকারান্ত সর্বনাম শব্দের অকার স্থানে আকার হয়। যথা—তস্মং,
তস্মা, যস্মং, যস্মা, সর্বস্মং, সর্বস্মা। 'সং এবং সা পরে থাকিলে' ইহা
বলিবার কারণ কি? তাহা না হইলে উক্ত প্রকার হয় না। যথা—তায,
সর্বায। 'এক বচনে' ইহা বলিবার কারণ কি? বহু বচনে তাহা হয় না।
যথা—তাসং, সর্বাসং।

